

বাংলাদেশে জেসিএম-এর রূপরেখা

বাংলা সংস্করণ (মার্চ ২০১৯)

(ইংরেজি থেকে অনূদিত)



পরিবেশ অধিদপ্তর

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়



Ministry of the Environment

IGES
Institute for Global
Environmental Strategies



অনুবাদ:
মোহাম্মদ সেলিম হোসেন

Translated by:
Muhammad Selim Hossain

সম্পাদনা:
ড. বিজন কুমার মিত্র
মির্জা শওকত আলী
মোহাম্মদ সেলিম হোসেন

Edited by:
Dr. Bijon Kumer Mitra
Mirza Shawkat Ali
Muhammad Selim Hossain

এ প্রকাশনাটি জেসিএম সম্পর্কে একটি সহজ ও সার্বিক ধারণা প্রদান করে। তবে, লক্ষণীয় যে, এটি দ্বিপাক্ষিক আলোচনার মাধ্যমে অনুমোদিত সব পাঠের (texts) ছবছ প্রতিলিপি নয়। এছাড়া, জেসিএম-এর বিস্তারিত ব্যাখ্যা ও প্রক্রিয়া সংক্রান্ত নানা বিষয় রয়েছে যেসব বিষয় আন্তর্জাতিক আলোচনার মাধ্যমে ঐকমত্যে পৌঁছতে পারে নি। অনুমোদিত দ্বিপাক্ষিক দলিলসমূহ ইংরেজি ভাষায় লিখিত। ছবছ এসব দলিল পাঠের জন্য যে ওয়েবসাইটে যেতে হবে তা হলো: www.jcm.go.jp/bd-jp

ছাপাখানায় যাওয়ার মুহূর্ত পর্যন্ত প্রকাশনাটির পাল্লুলিপিতে ধারণকৃত সব তথ্য-উপাত্ত ও বিষয়বস্তু সঠিক বলে ধরে নেওয়া হলেও ছাপা-প্রক্রিয়ায় নতুন করে কোনো ভুল-ত্রুটি তৈরি হলে এর জন্য অনুবাদক বা সম্পাদকমণ্ডলী আইনত দায়ী থাকবেন না।

এ প্রকাশনা সংক্রান্ত যে কোনো বিষয়ে জানতে চাইলে ইমেইল করুন: ce-info@iges.or.jp

সূচিপত্র

শব্দ-সংক্ষেপ ও আদ্যাক্ষর তালিকা (Abbreviations & acronyms)	vi
মূল দ্বিপাক্ষিক দলিলসমূহ (Reference documents)	vii
প্রথম অধ্যায়: জয়েন্ট ক্রেডিটিং মেকানিজম (জেসিএম)-এর সংক্ষিপ্ত পরিচিতি	
১.১ দ্বিপাক্ষিক সমঝোতা দলিল (Bilateral document)	১
১.২ জেসিএম-এর ধারণা (Concept of the JCM)	২
দ্বিতীয় অধ্যায়: জেসিএম-এর প্রকল্প চক্র (JCM project cycle)	৩
তৃতীয় অধ্যায়: জেসিএম সংশ্লিষ্ট সংস্থাসমূহ (JCM-related bodies)	
৩.১ বাংলাদেশ সরকার ও জাপান সরকার	৫
৩.২ জেসিএম সংক্রান্ত যৌথ কমিটি (Joint Committee-JC)	৬
৩.৩ যৌথ কমিটি সহায়ক কাঠামো (The support structure of JC)	৮
৩.৪ তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান (Third Party Entity - TPE)	৯
৩.৫ প্রকল্পের অংশীদারগণ (Project participants-PPs)	১২
৩.৬ যোগাযোগের প্রক্রিয়াসমূহ (Procedures for modalities of communication - MoC)	১২
চতুর্থ অধ্যায়: জেসিএম প্রকল্পের মেথডোলজি (JCM project methodology)	
৪.১ মেথডোলজির কাঠামো (Methodology structure)	১৪
৪.২ রেফারেন্স নির্গমন (Reference emission)	১৫
৪.৩ উপযুক্ততার শর্তাবলী (Eligibility criteria)	১৬
৪.৪ মেথডোলজি প্রস্তুতকরণ (Methodology development)	১৭
৪.৫ প্রস্তাবিত মেথডোলজি দাখিল পদ্ধতি (Procedure for submission of a proposed methodology)	১৮
৪.৬ অনুমোদিত মেথডোলজি সংশোধন পদ্ধতি (Procedure for revision of an approved methodology)	২০

পঞ্চম অধ্যায়: প্রকল্প ডিজাইন ডকুমেন্ট (Project Design Document - PDD) প্রস্তুতকরণ

৫.১ পিডিডি প্রস্তুতকরণ (Making PDD)	২১
৫.২ মনিটরিং প্ল্যান (Monitoring plan)	২২

ষষ্ঠ অধ্যায়: রেজিস্ট্রেশন (Registration)

৬.১ ভেলিডেশনের বৈশিষ্ট্যাবলী (Validation requirements)	২৩
৬.২ পিডিডি প্রকাশনার ধাপ (Publication of PDD)	২৫
৬.৩ রেজিস্ট্রেশনের আবেদন প্রক্রিয়া	২৬

সপ্তম অধ্যায়: রেজিস্ট্রেশন পরবর্তী কার্যক্রম (Post-registration activities)

৭.১ রেজিস্ট্রার্ড জেসিএম প্রকল্পে পরিবর্তন আনয়ন	২৭
৭.২ রেজিস্ট্রার্ড যোগাযোগের প্রক্রিয়াসমূহে (MoC) পরিবর্তন আনয়ন	২৮

অষ্টম অধ্যায়: ক্রেডিট ইস্যুকরণ (Issuance of credits)

৮.১ ভেরিফিকেশনের বৈশিষ্ট্যাবলী (Verification requirements)	২৯
৮.২ ক্রেডিট ইস্যুকরণের আবেদন প্রক্রিয়া	৩০

নবম অধ্যায়: প্রত্যাহার (Withdrawal)

৯.১ প্রত্যাহারকরণের আবেদন প্রক্রিয়া	৩১
--------------------------------------	----

শব্দকোষ (Glossary)

৩২

শব্দ-সংক্ষেপ ও আদ্যাক্ষর তালিকা (Abbreviations & acronyms)

জিএইচজি (GHG)	গ্রিনহাউজ গ্যাস (Greenhouse gas)
জেসি (JC)	যৌথ কমিটি (Joint Committee)
জেসিএম (JCM)	জয়েন্ট ক্রেডিটিং মেকানিজম (Joint Credit Mechanism)
এমওসি (MoC)	যোগাযোগ পদ্ধতি (Modalities of Communication)
পিসিপি (PCP)	প্রকল্প চক্র পদ্ধতি (Project Cycle Procedure)
পিডিডি (PDD)	প্রকল্প ডিজাইন ডকুমেন্ট (Project Design Document)
পিপিস (PPs)	প্রকল্পের অংশীদারগণ (Project Participants)
টিপিই (TPE)	তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান (Third Party Entity)
ইউএনএফসিসিসি (UNFCCC)	জাতিসংঘের জলবায়ু পরিবর্তন সংক্রান্ত ফ্রেমওয়ার্ক কনভেনশন (United Nations Framework Convention on Climate Change)
ভিভি (VV)	ভেলিডেশন ও ভেরিফিকেশন (Validation and Verification)

মূল দ্বিপাক্ষিক দলিলসমূহ (Reference documents)

কার্যক্রম	মূল দ্বিপাক্ষিক বিধিমালা/দলিলসমূহ	ফরম	
সাধারণ	<ul style="list-style-type: none"> বাংলাদেশ ও জাপানের মধ্যে নিম্ন কার্বন ভিত্তিক উন্নয়ন অংশীদারিত্ব জেসিএম বাস্তবায়ন বিধিমালা জেসিএম শব্দকোষ 		
যৌথ কমিটি	যৌথ কমিটির কার্যপ্রণালী বিধি		
প্রকল্পের কার্যপ্রণালী	সাধারণ	জেসিএম প্রকল্প চক্র পদ্ধতি	
	মেথডোলজি প্রস্তুতকরণ	প্রস্তাবিত মেথডোলজি প্রস্তুতকরণ গাইডলাইন	<ul style="list-style-type: none"> জেসিএম-এর প্রস্তাবিত মেথডোলজি ফরম https://www.jcm.go.jp/forms/bd/proposed_methodology_form_pdf/JCM_BD_F_PM_ver02.0.pdf জেসিএম-এর প্রস্তাবিত মেথডোলজি স্প্রেডশিট ফরম https://www.jcm.go.jp/forms/bd/proposed_methodology_spreadsheet_pdf/JCM_BD_F_PMS_VER02.0.PDF
	পিডিডি প্রস্তুতকরণ	প্রকল্প ডিজাইন ডকুমেন্ট ও মনিটরিং রিপোর্ট প্রস্তুতকরণ গাইডলাইন	<ul style="list-style-type: none"> জেসিএম প্রকল্প ডিজাইন ডকুমেন্ট ফরম https://www.jcm.go.jp/forms/bd?pd?pdf?JCM_BD_F_PDD_ver02.0.pdf যোগাযোগ পদ্ধতির স্টেটম্যান্ট ফরম
	মনিটরিং	জেসিএম প্রকল্প চক্র কার্যপ্রণালী	<ul style="list-style-type: none"> মনিটরিং প্র্যান শিট মনিটরিং কাঠামো শিট মনিটরিং রিপোর্ট শিট
	তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান (TPE) ভেলিডেশন ও ভেরিফিকেশন	<ul style="list-style-type: none"> তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান নির্ধারণের গাইডলাইন জেসিএম ভেলিডেশন ও ভেরিফিকেশন গাইডলাইন 	<ul style="list-style-type: none"> তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান নির্ধারণের আবেদন ফরম https://www.jcm.go.jp/forms/bd/application_form_designation_third_party_entry_pdf?JCM_BD_F_PTE_ver02.0.pdf জেসিএম ভেলিডেশন রিপোর্ট ফরম জেসিএম ভেরিফিকেশন রিপোর্ট ফরম
	রেজিস্ট্রেশন	জেসিএম প্রকল্প চক্র পদ্ধতি	প্রকল্প রেজিস্ট্রেশনের আবেদন ফরম
ড্রেডিট ইস্যুকরণ	জেসিএম প্রকল্প চক্র পদ্ধতি	জেসিএম ড্রেডিট ইস্যুকরণ আবেদন ফরম	

১.১ দ্বিপাক্ষিক সমঝোতা দলিল (Bilateral document)

- ◆ ২০১৩ সালের ১৯ মার্চ জাপান সরকার এবং বাংলাদেশ সরকার নিম্ন কার্বন ভিত্তিক উন্নয়ন অংশীদারিত্ব বিষয়ে একটি সমঝোতা চুক্তি স্বাক্ষর করে।
- ◆ নিম্ন কার্বন প্রযুক্তি, পণ্য, পদ্ধতি ও অবকাঠামোর ক্ষেত্রে বিনিয়োগকে উৎসাহিত করে এসবের ব্যবহার বিস্তৃতি বৃদ্ধির মাধ্যমে বাংলাদেশে নিম্ন কার্বন ভিত্তিক উন্নয়ন অর্জন করার লক্ষ্যে জয়েন্ট ক্রেডিটিং মেকানিজম বা জেসিএম-এর ধারণা প্রবর্তন করা হয়েছে। [Doc., para 3]
- (বিঃ দ্রঃ নিম্ন কার্বন ভিত্তিক উন্নয়ন অংশীদারিত্ব বিষয়ক দ্বিপাক্ষিক সমঝোতা চুক্তিটি স্বাক্ষরিত হয়েছিল Bilateral Offset Credit Mechanism বা BOCM শিরোনামে। শিরোনামটিকে জাপানের অন্যান্য অংশীদার দেশের সাথে সামঞ্জস্য রাখার লক্ষ্যে পরবর্তীতে উভয় পক্ষের মতৈক্যের ভিত্তিতে চুক্তিটির শিরোনাম BOCM পরিবর্তন করে রাখা হয় Joint Crediting Mechanism বা JCM) [JC03 Mtg Rep]
- ◆ JCM-এর অধীনে বাস্তবায়িত নির্গমন হ্রাস প্রকল্প থেকে যাচাইকৃত কার্বন নির্গমন হ্রাসের পরিমাণকে স্ব-স্ব দেশ তার আন্তর্জাতিকভাবে প্রতিশ্রুতি গ্রহনহাউজ গ্যাস নির্গমন হ্রাস প্রচেষ্টার অংশ হিসেবে উপস্থাপন করতে পারবে। [Doc., para 5]
- ◆ উভয়পক্ষ নিশ্চিত করে যে, জেসিএম প্রক্রিয়া হবে অত্যন্ত সুক্ষ্ম, স্বচ্ছ ও পরিবেশ-বান্ধব এবং একই সাথে সহজ-সরল ও বাস্তবসম্মত। এর মাধ্যমে গ্রিনহাউজ গ্যাস নির্গমন হ্রাসকল্পে সুনির্দিষ্ট কার্যক্রম (concrete actions) গ্রহণ করা হবে। [Doc., para 6]
- ◆ জেসিএম কর্মসূচি কার্যকরভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় আর্থিক, প্রযুক্তিগত এবং সামর্থ্য বৃদ্ধির (capacity building) লক্ষ্যে উভয়পক্ষ একত্রে কাজ করতে একমত হয়। [Doc., para 8]
- ◆ জেসিএম-এর কার্যক্রম শুরু হয় একটি নন-ট্রেডেবল ক্রেডিট মেকানিজম (non-tradable credit mechanism) হিসেবে। [Doc., para 9]
- ◆ জলবায়ু পরিবর্তন প্রশমন ভিত্তিক প্রকল্প থেকে যাচাই প্রক্রিয়ার মধ্যে দিয়ে গ্রিনহাউজ গ্যাস নির্গমন হ্রাস বা নিরসনের লক্ষ্যে বাংলাদেশ সরকার ও জাপান সরকারের মধ্যে জেসিএম বিষয়ক Low Carbon Growth Partnership between the Japanese side and the Bangladeshi side শীর্ষক দ্বিপাক্ষিক দলিল স্বাক্ষরিত হওয়ার পর থেকে উক্ত জেসিএম কার্যক্রম আগামী ২০৩০ সাল নাগাদ চলমান থাকবে। জেসিএম কার্যক্রম চলমান রাখার এ মেয়াদের সম্ভাব্য বৃদ্ধি বিষয়ে উভয় পক্ষ ২০৩০ সালের মধ্যে আলোচনা করবে এবং একটি সিদ্ধান্তে উপনীত হবে। [Doc., para 11, Rol ver.3, para 43]

স্বীকৃত গ্রিনহাউজ গ্যাসগুলো হলো-
কার্বন-ডাই-অক্সাইড (CO₂),
মিথেন (CH₄),
নাইট্রাস অক্সাইড (N₂O),
হাইড্রোফ্লুরোকার্বন (HFCs),
পারফ্লুরোকার্বন (PFCs),
সালফার হেক্সাফ্লুরোরাইড (SF₆) ও
নাইট্রো ডাইফ্লুরোরাইড (NF₃)।
[Rol ver.3, para2]

জাপানের জাতীয়ভাবে নির্ধারিত অনুমিত অবদান (Intended Nationally Determined Contribution – INDC) :

- ২০২০ সাল পরবর্তী সময়ে গ্রিনহাউজ গ্যাস নির্গমন হ্রাসে জাপানের অবদান কেমন হবে—এ বিষয়ে দেশটির জাতীয়ভাবে নির্ধারিত অনুমিত অবদান বা আইএনডিসি বলছে, আগামী ২০৩০ অর্থবছর নাগাদ গ্রিনহাউজ গ্যাস নির্গমন মাত্রা জ্বালানি মিশ্রণের সাথে সামঞ্জস্য রেখে ২০১৩ অর্থবছরের তুলনায় ২৫.৪ শতাংশ কমিয়ে আনা হবে। নিম্ন থেকে উর্ধ্ব স্তর নির্ভর নির্ণয় প্রক্রিয়া, প্রযুক্তির কারিগরি ও ব্যয়সংক্রান্ত সীমাবদ্ধতার আলোকে গৃহীত সুনির্দিষ্ট নীতি ও কৌশল এবং দেশের অভ্যন্তরে নির্গমন ও নির্গমন হ্রাসের সম্ভাব্য পরিমাণকে বিবেচনায় নিয়ে এটিকে গ্রিনহাউজ গ্যাস নির্গমন হ্রাসের একটি বাস্তবভিত্তিক লক্ষ্যমাত্রা হিসেবে গ্রহণ করা হয়েছে।
- জেসিএমকে জাপানের গ্রিনহাউজ গ্যাস নির্গমন হ্রাসের নিম্ন থেকে উর্ধ্ব স্তর নির্ভর নির্ণয় প্রক্রিয়ার (bottom-up calculation) ভিত্তি হিসেবে অন্তর্ভুক্ত করা হয় নি। কিন্তু জেসিএম-এর মাধ্যমে জাপান কর্তৃক অর্জিত নির্গমন হ্রাস বা অপসারণের পরিমাণকে নীতিগতভাবে জাপানের গ্রিনহাউজ গ্যাস নির্গমন হ্রাস ক্রেডিট হিসেবে উপস্থাপন করা হবে।
 - বেসরকারি খাত ভিত্তিক জেসিএম প্রকল্পগুলো থেকে নির্গমন হ্রাসের ক্রেডিট অর্জন ছাড়া আগামী ২০৩০ সাল নাগাদ কেবল সরকারি অর্থায়নে সরকারিভাবে বাস্তবায়িত জেসিএম প্রকল্প থেকে ৫০-১০০ মিলিয়ন টন কার্বন নির্গমন হ্রাস বা অপসারণ সম্ভব হবে বলে অনুমান করা হয়েছে। [GoJ Aug 2016]


১.২ জেসিএম-এর ধারণা (Concept of the JCM)

জেসিএম-এর রয়েছে সুনির্দিষ্ট কয়েকটি উদ্দেশ্য। [RoI ver.3, para 1] সেগুলো নিম্নরূপঃ

- নিম্ন কার্বন নির্ভর সেরা প্রযুক্তি, পণ্য, ব্যবস্থা, সেবা, অবকাঠামো এবং সেই সাথে জলবায়ু প্রশমন কর্মকাণ্ড বাস্তবায়ন সর্বত্র ছড়িয়ে দেওয়ার মাধ্যমে বাংলাদেশের টেকসই উন্নয়নে অবদান রাখা;
- বাংলাদেশে জলবায়ু প্রশমন কর্মকাণ্ড বাস্তবায়ন করা এবং এর মাধ্যমে অর্জিত নির্গমন হ্রাস বা অপসারণের পরিমাণকে জাপানের নির্গমন হ্রাসের লক্ষ্যমাত্রা অর্জনে ব্যবহার করা। এরপর পরিমাণগতভাবে নির্ণয় করা যে, খিনহাউজ নির্গমন হ্রাসে এ পর্যন্ত জাপানের অবদান কতটুকু;
- খিনহাউজ গ্যাস নির্গমন হ্রাস বা অপসারণের বৈশ্বিক উদ্যোগকে উৎসাহিতকরণের মধ্যে দিয়ে ইউএনএফসিসিসি (UNFCCC)-এর চূড়ান্ত লক্ষ্য অর্জনে অবদান রাখা।


- একটি অ-বাণিজ্যিক ক্রেডিট (non-tradable credit) বিষয়ক প্রক্রিয়া হিসেবে জেসিএম পথচলা শুরু করেছে। জেসিএম-এর অগ্রগতির ধারাকে বিবেচনায় নিয়ে দেশ দুটি (বাংলাদেশ ও জাপান) জেসিএমকে একটি বাণিজ্যিক ক্রেডিট বিষয়ক প্রক্রিয়ায় রূপান্তর করতে আন্তরিকভাবে আলোচনা চালিয়ে যাচ্ছে। আশা করা যায়, যথাসম্ভব নিকটবর্তী কোনো সময়ে এ বিষয়ে দু'পক্ষ একটি সন্তোষজনক সিদ্ধান্তে উপনীত হবে। [RoI ver.3, para 4]
- জেসিএম একটি বাণিজ্যিক ক্রেডিট বিষয়ক প্রক্রিয়ায় রূপান্তরিত হলে, দু'পক্ষ আশা করছে, জেসিএম-এর মাধ্যমে বাংলাদেশের জলবায়ু পরিবর্তনজনিত অভিযোজন কর্মকাণ্ডে সুনির্দিষ্ট অবদান রাখা যাবে। [Doc., para 10]
- উভয়পক্ষ জেসিএম ক্রেডিট গ্রহণ এবং গৃহীত ক্রেডিট-কে কাজে লাগানো বিষয়ে সদা সজাগ থাকে এবং ক্রেডিটের পরিমাণ নির্ধারণে যাতে কোনো ধরনের ভুল-ভ্রান্তি না হয় সে বিষয়ে লক্ষ্য রাখে। [RoI ver.3, para 41]
- জেসিএম বাস্তবায়নে স্বচ্ছতা নিশ্চিত করার ক্ষেত্রে উভয়পক্ষ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে। [RoI ver.3, para 16]

চিত্রঃ বাংলাদেশ-জাপান জেসিএম রেখাচিত্র/প্রণালী (The JCM scheme between Bangladesh and Japan)



* মেজারমেন্ট, রিপোর্টিং ও ভেরিফিকেশন

দ্বিতীয় অধ্যায়: জেসিএম-এর প্রকল্প চক্র (JCM project cycle)



ধাপ	বাস্তবায়ন কর্তৃপক্ষ	কার্যাবলী	আউটপুট (দলিলাদি)
(৪) জেসিএম প্রকল্পের কার্যক্রম মনিটরিং	PP	<ul style="list-style-type: none"> প্রকল্পের অংশীদারগণ (PPs) জেসিএম প্রকল্প বাস্তবায়ন করে এবং অনুমোদিত পিডিডি অনুসারে উক্ত প্রকল্প থেকে গ্রিনহাউজ গ্যাস নির্গমন হ্রাস বা অপসারণ মনিটরিং করবে। [RoI ver.3, para 30] প্রয়োজন অনুযায়ী মনিটরিং প্ল্যান পরিবর্তন, পরিমার্জন বা সংশোধন করা যেতে পারে। প্রকল্পের অংশীদারগণ (PPs) একটি মনিটরিং রিপোর্ট তৈরি করবে এবং সংশ্লিষ্ট তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান (TPE)-কে উক্ত রিপোর্ট তেরিফাই করার আহ্বান জানাবে। [RoI ver.3, para 32] 	মনিটরিং রিপোর্ট
(৫) ভেরিফিকেশন	TPE PP	<ul style="list-style-type: none"> ভেরিফিকেশন হলো তৃতীয় পক্ষীয় কোনো প্রতিষ্ঠান (TPE) কর্তৃক রেজিস্টার্ড জেসিএম প্রকল্পের গ্রিনহাউজ গ্যাস নির্গমন বা অপসারণ প্রক্রিয়াকে অনুমোদিত রিভিউ পিরিয়ডের বিভিন্ন সময়ে নিরপেক্ষভাবে রিভিউ করা [RoI ver.3, para 31] ভেরিফিকেশন করার একটি আনুষ্ঠানিক প্রক্রিয়া রয়েছে। (chap.8) 	ভেরিফিকেশন রিপোর্ট
(৬) ক্রেডিট ইস্যুকরণ	PP JC	<ul style="list-style-type: none"> ভেরিফিকেশন রিপোর্টের উপর ভিত্তি করে প্রকল্পের প্রত্যেক অংশীদারকে তার প্রাপ্য জেসিএম ক্রেডিট রেজিস্ট্রিতে উল্লিখিত এ্যাকাউন্টের অনুকূলে ইস্যু করার জন্য প্রকল্পের অংশীদারগণ (PPs) যৌথ কমিটির (JC) কাছে আবেদন করবে। এ আবেদনের প্রেক্ষিতে জেসি প্রত্যেক অংশীদারের প্রাপ্য ক্রেডিটের পরিমাণসহ সংশ্লিষ্ট বিষয়াদি যাচাই বাছাই করে সিদ্ধান্ত গ্রহণ করবে এবং গৃহীত সিদ্ধান্ত প্রকল্পের অংশীদারগণকে অবহিত করবে। [RoI ver.3, para 37-38] ক্রেডিট ইস্যু করার একটি আনুষ্ঠানিক প্রক্রিয়া রয়েছে। (chap.8) 	রেজিস্ট্রিতে ক্রেডিটের সিরিয়াল নম্বর
(৭) অর্জিত ক্রেডিটের ব্যবহার	প্রত্যেক পক্ষ	<ul style="list-style-type: none"> প্রত্যেক পক্ষ কর্তৃক অর্জিত জেসিএম ক্রেডিট-কে স্ব-স্ব দেশের গ্রিনহাউজ গ্যাস নির্গমন হ্রাসের লক্ষ্যমাত্রা অর্জনে ব্যবহার করা যাবে। [RoI ver.3, para 40] 	(প্রত্যেক পক্ষের পালিসি নির্ভর)

বক্স: জেসিএম প্রকল্প চক্র (PCP) [PCP ver.3]

জেসিএম প্রকল্প চক্র (PCP) জেসিএম প্রকল্পের প্রশাসনিক ধাপসমূহ নিয়ে আলোচনা করে যেগুলো অনুসরণ করে প্রকল্পের অংশীদারগণ (PPs), তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান (TPE), অন্যান্য স্টেকহোল্ডার, যৌথ কমিটি (JC), জেসিএম সেক্রেটারিয়েট এবং উভয় দেশ মেথডোলজি অনুমোদন, জেসিএম প্রকল্প নিবন্ধন এবং ক্রেডিট ইস্যুকরণসহ অন্যান্য কার্য সম্পাদন করে।

তৃতীয় অধ্যায়: জেসিএম সংশ্লিষ্ট সংস্থাসমূহ (JCM-related bodies)

৩.১ বাংলাদেশ সরকার ও জাপান সরকার

◆ উভয় পক্ষের যৌথ দায়িত্ব [Doc., para 2-11]

- জাতিসংঘের অধীনে আঞ্চলিক বা দ্বিপাক্ষিক পর্যায়ে নিম্ন কার্বন ভিত্তিক উন্নয়ন ত্বরান্বিত করার লক্ষ্যে সহযোগিতার নানা ক্ষেত্রে আলোচনা চালিয়ে যাবে।
- জেসিএম কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য যৌথ কমিটি (JC) গঠন করবে।
- জেসিএম কার্যক্রম বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় অর্থনৈতিক, প্রযুক্তিগত এবং সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে পারস্পারিক সহযোগিতা জোরদার করবে।
- জেসিএম বাস্তবায়নের ওপর গুরুত্ব দিয়ে জেসিএমকে একটি বাণিজ্যিক ফ্রেডিট বিষয়ক প্রক্রিয়ায় রূপান্তর করতে আন্তরিকভাবে পারস্পারিক আলোচনা চালিয়ে যাবে। সম্ভাব্য নিকটবর্তী কোনো সময়ে এ বিষয়ে দু'পক্ষ একটি সম্মেলনকর্ম সিদ্ধান্তে পৌঁছাবে।
- জেসিএম একটি বাণিজ্যিক ফ্রেডিট বিষয়ক প্রক্রিয়ায় রূপান্তরিত হলে, দু'পক্ষ আশা করছে, জেসিএম-এর মাধ্যমে বাংলাদেশের জলবায়ু পরিবর্তনজনিত অভিযোজন কর্মকাণ্ডে সুনির্দিষ্ট অবদান রাখা সম্ভব হবে।
- জেসিএম বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে পলিসি প্রণয়নের ক্ষেত্রে যৌথ কমিটির সভা ছাড়াও পরামর্শমূলক সভার আয়োজন করা যেতে পারে। [RoL ver.3, para 12]

◆ প্রত্যেক পক্ষের দায়িত্ব [RoL ver.3, para 14-16, 33, 39]

- প্রত্যেক পক্ষ জেসিএম বাস্তবায়নের লক্ষ্যে যৌথ কমিটি কর্তৃক অনুমোদিত বিধিমালা এবং গাইডলাইন অথবা স্ব-স্ব দেশের আইন ও নিয়মকানুন অনুযায়ী
 - ক) খসড়া মেথডোলজি তৈরি করবে এবং অনুমোদনের জন্য যৌথ কমিটির কাছে প্রস্তাব করবে।
 - খ) যৌথ কমিটি কর্তৃক অনুমোদিত রেজিস্ট্রির সাধারণ বৈশিষ্ট্যের সঙ্গে সঙ্গতিপূর্ণ একটি রেজিস্ট্রি মেইনটেন করা করবে।
 - গ) যৌথ কমিটি ফ্রেডিট ইস্যু করা বিষয়ে অবহিত করার পর ইস্যুকৃত ফ্রেডিটের পরিমাণ রেজিস্ট্রিতে লিপিবদ্ধ করবে।
- জেসিএম ফ্রেডিট প্রাপ্তির পর তা যৌথ কমিটিকে অবহিত করবে।
- জেসিএম বাস্তবায়নের ক্ষেত্রে স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় সব ব্যবস্থা গ্রহণ করবে।
- জেসিএম-এর অধীনে প্রকল্প বাস্তবায়নের জন্য কোনো ইনসেন্টিভ (incentives scheme) ঘোষণা করা হলে জাপান সরকার এ বিষয়টি অবিলম্বে বাংলাদেশ সরকারকে অবহিত করবে।
- প্রত্যেকপক্ষ স্ব-স্ব দেশের যৌথ কমিটির সদস্যদের নাম প্রস্তাব করবে এবং উভয়পক্ষ উভয়পক্ষকে প্রস্তাবিত নামের তালিকা লিখিতভাবে অবহিত করবে। [RoP ver.3, para 5]
- ডাবল কাউন্টিং এড়াতে সিদ্ধান্ত নেয়া হয়েছে যে, জেসিএম-এর অধীনে রেজিস্ট্রিড কোনো প্রকল্পকে কোনো পক্ষই অন্য কোনো আন্তর্জাতিক জলবায়ু প্রশমন মেকানিজমের উদ্দেশ্যে ব্যবহার করতে পারবে না। উভয়পক্ষ জেসিএম ফ্রেডিট গ্রহণ এবং গৃহীত ফ্রেডিট-কে কাজে লাগানো বিষয়ে সদা সজাগ থাকবে এবং ডাবল কাউন্টিং যাতে না হয় সে বিষয়ে লক্ষ্য রাখবে। [Doc., para 7, RoL ver.3 para 41]

বক্স: জাপানের সরকারের সাপোর্টসমূহ [GoJ Aug 2016] [http://www.mmechanisms.org/document/20160822_JCM_goj_eng.pdf]

অর্থনৈতিক সাপোর্ট

- জেসিএম মডেল প্রকল্পে ফাইন্যান্সিং প্রোগ্রাম
- ক্লাবরেটিভ ফাইন্যান্সিং প্রোগ্রাম (জাইকা ও অন্যান্য সরকারি আর্থিক প্রতিষ্ঠান

- এডিবি ট্রাস্ট ফান্ড (জেএফ জেসিএম)
- জেসিএম ডেমস্ট্রেশন প্রকল্প
- জেসিএম স্পেশাল ফাইন্যান্সিং স্কিম (জেএসএফ)

কেপাসিটি বিল্ডিং

ফিজিবিলিটি স্টাডি

৩.২ জেসিএম সংক্রান্ত যৌথ কমিটি (Joint Committee—JC)

[Doc., para 4, RoI ver.3, para 6-12, 21-23]

◆ জেসিএম-এর যৌথ কমিটি বাংলাদেশ ও জাপান উভয় দেশের সরকারি প্রতিনিধি এবং প্রয়োজনবোধে অন্যান্য মনোনীত ব্যক্তিবর্গকে নিয়ে গঠিত হবে।

◆ যৌথ কমিটি (JC):

☞ জেসি'র কার্যপ্রণালী বিধিমালা (rules of procedures) প্রণয়ন করে। প্রয়োজনে এসব বিধি পরিবর্তন, পরিবর্ধন বা পরিমার্জন করে থাকে। এছাড়া, জেসিএম-এর জন্য গাইডলাইন প্রণয়ন, গ্রিনহাউজ গ্যাস হ্রাস বা অপসারণের পরিমাণ নিরূপণের জন্য মেথডোলজি প্রণয়ন, তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান(TPE) নির্বাচনের নির্ণায়ক (criteria) স্থির করা এবং জেসিএম বাস্তবায়ন সংক্রান্ত ও প্রশাসনিক প্রয়োজনীয় বিষয়াদি দেখভাল করে।

☞ জেসিএম বাস্তবায়ন বিধিমালা “Rules of Implementation for the Joint Crediting Mechanism (JCM)” এবং জেসিএম যৌথ কমিটির কার্যপ্রণালী বিধিমালা “Joint Crediting Mechanism Rules of Procedures for the Joint Committee” প্রয়োজনে পরিবর্তন, পরিবর্ধন বা পরিমার্জন করে থাকে।

☞ তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান (TPE) নির্বাচন, বরখাস্ত বা প্রত্যাহার করতে পারে।

☞ প্রকল্পের অংশীদারগণ (PPs) জেসিএম প্রকল্প রেজিস্ট্রেশনের জন্য আবেদন করলে তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান দ্বারা ভেলিডেটেড (validated) প্রকল্পকে রেজিস্ট্রেশনের অনুমতি প্রদান করে।

☞ প্রকল্পের অংশীদারগণ (PPs) জেসিএম ক্রেডিট ইস্যু করার লক্ষ্যে উভয়পক্ষকে অবহিতকরণের আবেদন করলে যৌথ কমিটি কেবল তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান দ্বারা ভেলিডেটেড প্রকল্পকে ক্রেডিট ইস্যু করার জন্য উভয়পক্ষকে অবহিত করে।

☞ জেসিএম বাস্তবায়ন অগ্রগতি রিপোর্ট তৈরি করে। প্রয়োজনে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে জেসিএম কার্যক্রম পরিচালনা বা ব্যবস্থাপনা নিয়ে আলোচনা করে।

☞ জেসিএম কার্যক্রম বাস্তবায়নের জন্য জেসিএম সেক্রেটারিয়েট স্থাপন করে।

যৌথ কমিটির সদস্যবৃন্দ [RoP ver.3, para 4-8]

☞ প্রত্যেক পক্ষ থেকে মনোনীত যৌথ কমিটির সদস্য সংখ্যা ১০ জনের বেশি হবে না। যে কোনো পক্ষ যৌথ কমিটিতে তার সদস্য সংখ্যা সর্বোচ্চ সীমার মধ্যে রেখে বাড়াতে বা কমাতে পারে। এমন কি সদস্য পরিবর্তনও করতে পারে। তবে, এ ক্ষেত্রে অপর পক্ষকে এরূপ পরিবর্তনের পূর্বে লিখিতভাবে অবহিত করতে হয়।

☞ যৌথ কমিটি সংশ্লিষ্ট কোনো বিষয়ে কোনো সদস্যের ব্যক্তিগত বা সরাসরি অর্থনৈতিক স্বার্থ থাকা যাবে না।

☞ যৌথ কমিটিতে দু'জন কো-চেয়ার থাকে। প্রত্যেক পক্ষ অপর পক্ষকে জানিয়ে একজন করে কো-চেয়ার মনোনয়ন প্রদান করে। সে মতে, বাংলাদেশ ও জাপান উভয়ই স্ব-স্ব পক্ষে একজন করে কো-চেয়ার মনোনয়ন দিয়েছে এবং অপর পক্ষকে যথারীতি জানিয়েছে। কোনো পক্ষের কো-চেয়ার পদত্যাগ করলে সংশ্লিষ্ট পক্ষ নতুন কাউকে উক্ত পদে মনোনয়ন দেওয়ার বিধি রয়েছে।

☞ প্রত্যেক পক্ষের কো-চেয়ার তার অবর্তমানে সাময়িক দায়িত্ব পালনের জন্য অন্য কোনো সদস্যকে মনোনীত করতে পারেন। এ ধরনের মনোনয়ন দেওয়ার বিষয়টি উভয় পক্ষের সদস্যদের ইলেকট্রনিক মাধ্যমে বা লিখিতভাবে অবহিত করতে হয়।

যৌথ কমিটির মিটিং [RoP ver.3, para 9-15]

◆ সময়তালিকা (Schedule)

- ☞ যৌথ কমিটি প্রয়োজনে একাধিকবার সভায় মিলিত হতে পারে। তবে, কমপক্ষে বছরে একবার যৌথ কমিটির সভা হতে হবে।
- ☞ জেসিএম সেক্রেটারিয়েট জেসিএম কো-চেয়ারদ্বয়ের সাথে পরামর্শ করে যৌথ কমিটির প্রত্যেক সভার কমপক্ষে দুই সপ্তাহ আগে সংশ্লিষ্ট সবার অবগতির জন্য নোটিশ প্রদান করবে।
- ☞ জেসিএম সেক্রেটারিয়েট জেসিএম কো-চেয়ারদ্বয়ের সাথে পরামর্শ করে যৌথ কমিটির প্রত্যেক সভার কমপক্ষে দুই সপ্তাহ আগে সংশ্লিষ্ট সবাইকে মিটিংয়ের আলোচ্যসূচি বা এজেন্ডা জানিয়ে দিবে এবং চূড়ান্ত খসড়া দলিলগুলো কমপক্ষে পাঁচ দিন আগে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করবে।

◆ মিটিংয়ে সিদ্ধান্ত দলিল গ্রহণ

- ☞ যৌথ কমিটির মিটিংয়ে যে কোনো সিদ্ধান্ত সর্বসম্মতির মাধ্যমে গ্রহণ করা হয়।
- ☞ প্রস্তাবিত কোনো সিদ্ধান্তে উভয়পক্ষ একমত কিনা সে বিষয়ে কো-চেয়ারদ্বয় স্পষ্টভাবে নিশ্চিত করবেন। প্রস্তাবিত কোনো সিদ্ধান্তের বিষয়ে কোনো সদস্যের আপত্তি থাকলে কো-চেয়ারদ্বয় ঘোষণা করবেন যে, উভয়পক্ষ প্রস্তাবিত সিদ্ধান্তে এখনো ঐকমত্যে পৌঁছতে পারে নি।

◆ উপস্থিতি

- ☞ যৌথ কমিটির মিটিং-এ কোনো সদস্য উপস্থিত থাকতে অপারগ হলে তিনি তার মনোনীত একজন প্রতিনিধি পাঠাতে পারেন। প্রতিনিধি মিটিং-এ ঐ সদস্যের দায়িত্ব পালন করতে পারবেন। প্রতিনিধি প্রেরণের বিষয়টি সংশ্লিষ্ট সদস্য যৌথ কমিটির মিটিং অনুষ্ঠিত হওয়ার আগে ইলেকট্রনিক মাধ্যমে বা লিখিতভাবে সংশ্লিষ্ট সকলকে অবহিত করবেন।
- ☞ উভয়পক্ষের অনুমতিক্রমে যৌথ কমিটির মিটিং-এ পর্যবেক্ষক থাকতে পারবেন যদি না এর বিরুদ্ধে যৌথ কমিটির কোনো সিদ্ধান্ত থাকে।

ইলেকট্রনিক মাধ্যমে এবং অডিও ভিডিও কনফারেন্স করে সিদ্ধান্ত গ্রহণ [RoP ver.3, para 16-18]

- ☞ যৌথ কমিটি ইলেকট্রনিক মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করতে পারে যদি নিম্নবর্ণিত পূর্ব শর্তাবলী পূরণ করা হয়:
 - (ক) প্রস্তাবিত সিদ্ধান্তসমূহ কো-চেয়ারগণ সংশ্লিষ্ট সকলকে ইলেকট্রনিক মাধ্যমে জানিয়ে দেন।
 - (খ) প্রস্তাবিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছে বলে ধরে নেওয়া হয় যদি ঐসব সিদ্ধান্ত প্রস্তাবসমূহ সদস্যদের অবহিতকরণের ১০ দিনের মধ্যে (১) কোনো সদস্য প্রস্তাবিত কোনো সিদ্ধান্তের বিষয়ে দ্বিমত পোষণ না করেন এবং যদি কো-চেয়ারদ্বয় প্রস্তাবিত সিদ্ধান্তের বিষয়ে ইলেকট্রনিক মাধ্যমে ইতিবাচক মতামত প্রদান করেন অথবা (২) সকল সদস্য সিদ্ধান্ত প্রস্তাবগুলোর প্রতি ইলেকট্রনিক মাধ্যমে তাঁদের ইতিবাচক মনোভাব পোষণ করেন।
 - ☞ যদি প্রস্তাবিত কোনো সিদ্ধান্তের প্রতি কোনো সদস্য নেতিবাচক মনোভাব প্রকাশ করেন, কো-চেয়ারগণ বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করবেন এবং যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন।
 - ☞ যৌথ কমিটি ইলেকট্রনিক মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণকে সহজতর করার জন্য অডিও-ভিডিও কনফারেন্সের আয়োজন করতে পারেন।

[RoP ver.3, para 24-25]

- ☞ যৌথ কমিটির সদস্যবৃন্দ, জেসিএম সচিবালয় বা অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান যৌথ কমিটির কাজে সহায়তা করার দায়িত্ব প্রাপ্ত হলে তাঁরা যৌথ কমিটির সকল গোপনীয় বিষয়ের প্রতি শ্রদ্ধাশীল থাকবেন। নীতি বিরুদ্ধ কোনো সুযোগ নিবেন না বা গোপনীয় কোনো বিষয় তৃতীয় পক্ষকে অবহিত করবেন না।
- ☞ সিদ্ধান্ত গ্রহণের পর গৃহীত সকল সিদ্ধান্তের পূর্ণ লিখিতরূপ যৌথ কমিটি কর্তৃক সকলের অবগতির জন্য উন্মুক্ত করা হবে।

৩.৩ যৌথ কমিটি সহায়ক কাঠামো (The support structure of JC) [RoI ver.3, para 13]

◆ সেক্রেটারিয়েট

যৌথ কমিটি জেসিএম-এর কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য এর সেক্রেটারিয়েট স্থাপন করবে। [RoI ver.3, para 13]


সেক্রেটারিয়েট যৌথ কমিটির সব কাজে প্রয়োজনীয় সহায়তা দিয়ে থাকে।

◆ অন্যান্য সহায়তা (External assistance)

যৌথ কমিটির কাজে সহায়তার জন্য সহায়ক প্যানেল গঠন করা যেতে পারে। প্যানেলের কার্যপ্রণালী বিধি বিষয়ে যৌথ কমিটি সিদ্ধান্ত গ্রহণ করবে।

যৌথ কমিটি প্রতিটি বিষয়ে আলাদা আলাদাভাবে সহায়তার জন্য প্রয়োজন অনুযায়ী বিশেষজ্ঞ মনোনীত করতে পারে।

যৌথ কমিটি সহায়ক কাঠামো [JC2, p1, https://www.jcm.go.jp/jc_decisions/113/JCM_BD_JC02_Mtg_Rep.pdf]



৩.৪ তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান (Third Party Entity - TPE)

- ◆ যৌথ কমিটি কর্তৃক অনুমোদিত তৃতীয় পক্ষীয় সত্ত্বা বা প্রতিষ্ঠান [RoI ver.3, para 18, 22-23]
 - (ক) প্রকল্পের অংশীদারগণের অনুরোধের প্রেক্ষিতে, তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান যৌথ কমিটি কর্তৃক প্রণীত ভেলিডেশন গাইডলাইন অনুসরণ করে কোনো প্রকল্পের পিডিডি-তে উপস্থাপিত তথ্য-উপাত্তের উপর ভিত্তি করে সংশ্লিষ্ট প্রকল্প ভেলিডেট করে এবং ভেলিডেশনের ফলাফল সংশ্লিষ্ট অংশীদারগণকে অবহিত করে;
 - (খ) প্রকল্পের অংশীদারগণের অনুরোধের প্রেক্ষিতে, তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান যৌথ কমিটি কর্তৃক প্রণীত ভেরিফিকেশন গাইডলাইন অনুসরণ করে কোনো প্রকল্পের অর্জিত গ্রিনহাউজ গ্যাস নির্গমন হ্রাস বা অপসারণের পরিমাণ ভেরিফাই করে থাকে। সংশ্লিষ্ট প্রকল্পের অংশীদারগণ কর্তৃক প্রণীত মনিটরিং রিপোর্টকে এক্ষেত্রে রেফারেন্স ডকুমেন্ট হিসেবে ব্যবহার করা হয়। ভেরিফিকেশনের ফলাফল সংশ্লিষ্ট প্রকল্পের ভেরিফিকেশন রিপোর্টে লিপিবদ্ধ করা হয়। ভেরিফিকেশন রিপোর্ট ঐ পরিবর্তে সংশ্লিষ্ট প্রকল্পের অংশীদারগণ বরাবর প্রেরণ করা হয়।
- ◆ কোনো প্রকল্পের অংশীদারগণ ঐ প্রকল্পের জন্য একটি তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান নিয়োগের অনুরোধ জানিয়ে যৌথ কমিটি বরাবর আবেদন করলে যৌথ কমিটি তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান নিয়োগের গাইডলাইন অনুযায়ী মনোনয়ন দিয়ে থাকে। সর্বসাধারণের অবগতির জন্য মনোনীত তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান সংক্রান্ত প্রাসঙ্গিক তথ্যাদি ওয়েবসাইটে প্রকাশ করা হয়।
- ◆ জালিয়াতি, বেআইনী কাজ বা অযোগ্যতার দায়ে যৌথ কমিটি কোনো তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের মনোনয়ন বাতিল বা প্রত্যাহার করে নিতে পারে।

তৃতীয় পক্ষীয় সত্ত্বা বা প্রতিষ্ঠানের প্রয়োজনীয় যোগ্যতা [GL TPE ver.2, para 9-11]

তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান হিসেবে মনোনয়ন পাওয়ার জন্য, যে কোনো প্রার্থী-প্রতিষ্ঠানের নিম্নলিখিত যোগ্যতা থাকতে হবে:

- ◆ প্রার্থী-প্রতিষ্ঠানকে হতে হবে :
 - ☞ আন্তর্জাতিক অ্যাক্রিডিটেশন (accreditation) ফোরামের (IAF) অন্তর্ভুক্ত কোনো অ্যাক্রিডিটেশন প্রতিষ্ঠান কর্তৃক ISO 14065 অনুযায়ী এবং/অথবা প্যাসিফিক অ্যাক্রিডিটেশন কো-অপারেশন (PAC) কর্তৃক ISO 14064-2 অনুযায়ী স্বীকৃতিপ্রাপ্ত (accredited); অথবা
 - ☞ ক্লিন ডেভেলপমেন্ট মেকানিজম (CDM) এর এলিকিউটিভ বোর্ড কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত কোনো ডেজিগন্যাটেড অপারেশনাল এনটিটি (DOEs) অথবা কোনো অপারেশনাল এনটিটি।
- ◆ সংশ্লিষ্ট সব বিধিমালা এবং গাইডলাইন (rules and guidelines) অধ্যয়নপূর্বক প্রার্থী-প্রতিষ্ঠানকে বাংলাদেশ-জাপানের মধ্যে বিদ্যমান জেসিএম কার্যক্রম সম্পর্কে পূর্ণাঙ্গ ধারণা অর্জন করতে হবে।

বাংলাদেশে জেসিএম-এর খাতসমূহ [GL TPE ver.2 para 12, 14, 17]

- ◆ যৌথ কমিটি কোনো প্রার্থী প্রতিষ্ঠানকে তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান হিসেবে মনোনীত করলে ঐ প্রতিষ্ঠান কোন কোন খাতে জেসিএম প্রকল্পের তৃতীয় পক্ষীয় সত্ত্বা হিসেবে কাজ করবে তা নিম্নোক্ত বিষয়ের উপর ভিত্তি করে সিদ্ধান্ত গৃহীত হবে:
 - (ক) প্রার্থী প্রতিষ্ঠান যদি ISO 14065-এর অধীনে স্বীকৃতি প্রাপ্ত হয়, তবে ঐ প্রার্থী প্রতিষ্ঠান তার আবেদনপত্রে উল্লিখিত সব খাতে জেসিএম প্রকল্পে তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান হিসেবে কাজ করার যোগ্য বলে বিবেচিত হবে; এবং
 - (খ) প্রার্থী প্রতিষ্ঠান যদি CDM-এর অধীনে স্বীকৃতি প্রাপ্ত হয়, তবে ঐ প্রার্থী প্রতিষ্ঠান CDM আওতাভুক্ত খাতগুলোতেই কেবল জেসিএম প্রকল্পে তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান হিসেবে কাজ করার যোগ্য বলে বিবেচিত হবে যদি না যৌথ কমিটি অন্যান্য খাতের জন্য ঐ প্রার্থী প্রতিষ্ঠানকে অনুমোদন দেয়।
- ◆ সংযুক্তি ১-এ বাংলাদেশে জেসিএম-এর খাতসমূহের বিস্তারিত বর্ণনা রয়েছে। [GL TPE ver.2]
- ◆ কোনো তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান যৌথ কমিটি কর্তৃক অনুমোদিত খাতের বাইরে অতিরিক্ত কিছু খাতে কাজ করার ইচ্ছা পোষণ করলে অনুমোদনের জন্য তাকে অতিরিক্ত খাতসমূহ উল্লেখপূর্বক যৌথ কমিটি বরাবর আবেদন করতে হয়।

তৃতীয় পক্ষীয় সত্ত্বা বা প্রতিষ্ঠান মনোনয়ন প্রক্রিয়া [GL TPE ver.2 para, 13, 15-16, 18]

- ◆ প্রার্থী প্রতিষ্ঠানকে যৌথ কমিটি বরাবর আবেদন করতে হয়।
- ◆ জেসিএম সেক্রেটারিয়েট আবেদনপত্র খতিয়ে দেখে এবং আবেদন গ্রহণের ৭ দিনের মধ্যে আবেদনপত্রটি সম্পূর্ণ কিনা এ বিষয়ে প্রার্থী প্রতিষ্ঠানকে অবহিত করে।
- ◆ আবেদনপত্র সম্পূর্ণ মনে হলে, যৌথ কমিটি সিদ্ধান্ত নেয় যে প্রার্থী প্রতিষ্ঠানকে তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান হিসেবে মনোনয়ন দেয়া যাবে নাকি তার আবেদন প্রত্যাখান করা হবে।
- ◆ আবেদনের প্রেক্ষিতে যৌথ কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত জেসিএম সেক্রেটারিয়েট সংশ্লিষ্ট প্রার্থী প্রতিষ্ঠানকে অবগত করে এবং তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান সম্পর্কে প্রাসঙ্গিক তথ্য ও অনুমোদিত খাতসমূহ জনসাধারণের অবগতির জন্য ওয়েবসাইটে প্রকাশ করে।

৩.৪ তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান (Third Party Entity - TPE)

মনোনয়ন স্থগিতাদেশ, প্রত্যাহার ও পুনর্বহাল [GL TPE ver.2, para 20]

◆ যেসব কারণে তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের মনোনয়ন স্থগিত বা প্রত্যাহার করা হয় সেগুলো হলো:

- (ক) তদন্তের (review) পর যৌথ কমিটি যদি সিদ্ধান্ত গ্রহণ করে যে, কোনো তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান জেসিএম-এর প্রাসঙ্গিক বিধিমালা এবং গাইডলাইন মেনে চলছে না;
- (খ) ISO 14065 অথবা CDM এর অধীনে অ্যাক্রিডিটেশন বিষয়ে কোনো তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের পদমর্যাদার (status) পরিবর্তন হলে; এবং
- (গ) যদি কোনো প্রতিষ্ঠান JCM কর্তৃক প্রদত্ত তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের পদমর্যাদা স্বেচ্ছায় প্রত্যাহার করে নেয়।

ক. তদন্ত (review) পরবর্তী স্থগিতাদেশ বা প্রত্যাহার প্রক্রিয়া [GL TPE ver.2, para 21-22]

- ◆ তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানগুলো প্রযোজ্য ক্ষেত্রে জেসিএম-এর বিধিমালা এবং গাইডলাইন মেনে চলছে কিনা এ বিষয়ে নিশ্চিত হওয়ার জন্য যৌথ কমিটি চাইলে তদন্ত (review) করতে পারে। কোনো তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের পারফরমেন্স মূল্যায়নের লক্ষ্যে সরেজমিন পরিদর্শন এ ধরনের তদন্তের অন্তর্ভুক্ত হতে পারে। তদন্তের আংশিক কাজে সহযোগিতার জন্য যৌথ কমিটি চাইলে বহিরাগত বিশেষজ্ঞ বা অর্গানাইজেশনকে মনোনয়ন দিতে পারে।
- ◆ যৌথ কমিটি তদন্ত করে যদি দেখতে পায় যে, কোনো তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান প্রযোজ্য ক্ষেত্রে জেসিএম-এর বিধিমালা এবং গাইডলাইন অনুসরণ করছে না, সেক্ষেত্রে যৌথ কমিটি সুনির্দিষ্ট কয়েকটি খাতে অথবা সবকটি খাতের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান বিষয়ক পদমর্যাদা স্থগিত বা প্রত্যাহার করে নিতে পারে। তবে, এ ধরনের সিদ্ধান্ত গ্রহণ করার আগে সংশ্লিষ্ট তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের শুনানির সুযোগ রয়েছে। যৌথ কমিটি কর্তৃক সিদ্ধান্ত গ্রহণের দিন থেকেই স্থগিতাদেশ বা প্রত্যাহার আদেশ কার্যকর হবে।

খ. ISO 14065 এর অধীনে অ্যাক্রিডিটেশন বা CDM এর অধীনে ডেজিগনেশন বিষয়ক পদমর্যাদা (status) পরিবর্তন হেতু তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের মনোনয়ন স্থগিত বা প্রত্যাহারকরণ পদ্ধতি [GL TPE ver.2, para 23-26]

- ◆ কেবল ISO 14065 এর অধীনে স্বীকৃত (accredited) কোনো তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের স্বীকৃতি (accreditation) কতিপয় অথবা সমুদয় খাতের (sectors) জন্য স্থগিত বা প্রত্যাহার করে নেওয়া হলে ঐ তারিখ থেকে একই ধরনের খাতের জন্য জেসিএম-এর অধীন তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান হিসেবে প্রদত্ত স্বীকৃতিও স্থগিত বা প্রত্যাহার হয়ে যাবে। ISO 14065 এর অধীনে গুটি কয়েক খাতে তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান হিসেবে কাজ করার অনুমতি স্থগিত হলে একে বলা হয় “পরিবিহ্রাস” বা “reducing scopes”।
- ◆ কেবল CDM এর অধীনে মনোনীত (designated) কোনো তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের মনোনয়ন (designation) কতিপয় অথবা সমুদয় খাতের (sectors) জন্য স্থগিত বা প্রত্যাহার করে নেওয়া হলে ঐ তারিখ থেকে একই ধরনের খাতের জন্য জেসিএম-এর অধীন তৃতীয় পক্ষীয় সত্তা বা প্রতিষ্ঠান হিসেবে প্রদত্ত নিয়োগও স্থগিত বা প্রত্যাহার হয়ে যাবে।
- ◆ যেসব তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান একইসাথে ISO 14065 এর অধীনে স্বীকৃত (accredited) এবং CDM এর অধীনে মনোনীত (designated) তাদের ক্ষেত্রে প্রযোজ্য নিয়মাবলী:
 - (ক) কতিপয় অথবা সমুদয় খাতের (sectors) জন্য ISO 14065 এর অধীনে স্বীকৃতি অথবা CDM এর অধীনে মনোনীত (designated)-এর যেকোনো একটি স্থগিত বা প্রত্যাহার হলে একই তারিখ থেকে একই ধরনের খাতের জন্য জেসিএম-এর অধীন তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান হিসেবে প্রদত্ত স্বীকৃতিও স্থগিত বা প্রত্যাহার হয়ে যাবে যদি না উপ-অনুচ্ছেদ (খ) ও (গ)-এ বর্ণিত নিয়মাবলী সংশ্লিষ্ট তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য হয়।
 - (খ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্থগিত করা ছাড়াই যদি কোনো তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান কতিপয় অথবা সমুদয় খাতের (sectors) জন্য ISO 14065 এর অধীনে স্বীকৃতি অথবা CDM এর অধীনে মনোনয়ন (designation) স্বেচ্ছায় প্রত্যাহার করে নেয় তবে জেসিএম-এর অধীনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান হিসেবে বিদ্যমান পদমর্যাদা বজায় থাকবে কেবল ঐসকল খাতের জন্য যেসব খাতের জন্য ঐ প্রতিষ্ঠানের ISO 14065 এর অধীনে স্বীকৃতি (accredited) অথবা CDM এর অধীনে মনোনয়ন (designation) কার্যকর থাকবে; এবং
 - (গ) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্থগিতাদেশ বিদ্যমান এমনসব খাতে যদি কোনো তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান ISO 14065 এর অধীনে স্বীকৃতি অথবা CDM এর অধীনে মনোনয়ন (designation) স্বেচ্ছায় প্রত্যাহার করে নেয় তবে জেসিএম-এর অধীনে অনুরূপ খাতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান হিসেবে বিদ্যমান পদমর্যাদা স্বয়ংক্রিয়ভাবে স্থগিত হয়ে যাবে যদি না জেসিএম কর্তৃপক্ষ স্থগিতাদেশ প্রত্যাহার বা ঐসব খাতের জন্য তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান হিসেবে পদমর্যাদা পুনর্বহাল করে।

☞ যদি কোনো তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের পদমর্যাদা উপরে বর্ণিত শর্তাবলীর আওতাভুক্ত হয়, তবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের উচিত হবে অনতিবিলম্বে বিষয়টি যৌথ কমিটিকে অবহিত করা।

৩.৪ তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান (Third Party Entity - TPE)

স্থগিত বা প্রত্যাহার পরবর্তী প্রক্রিয়া [GL TPE ver.2, para 30-34]

- ◆ কতিপয় বা সমুদয় খাতে কোনো তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের পদমর্যাদা স্থগিত হলে, যৌথ কমিটি সর্বসাধারণের অবগতির জন্য অনতিবিলম্বে ঐ প্রতিষ্ঠানের নাম, যেসব খাতে পদমর্যাদা স্থগিত বা প্রত্যাহার হয়েছে সেসব খাতের নাম এবং স্থগিত বা প্রত্যাহারের সুনির্দিষ্ট কারণ ওয়েবসাইটে প্রকাশ করে।
- ◆ কতিপয় বা সমুদয় খাতে কোনো তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের পদমর্যাদা স্থগিত হলে, ঐ প্রতিষ্ঠান নিজ দায়িত্বে প্রকল্পের অংশীদারগণসহ এ কারণে সম্ভাব্য ক্ষতিগ্রস্ত সব প্রতিষ্ঠানকে (বিশেষ করে, ঐ সময়ে যে প্রতিষ্ঠানের ভেলিডেশন বা ভেরিফিকেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য চুক্তিবদ্ধ) অবহিত করে।
- ◆ কোনো তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের পদমর্যাদা স্থগিত হলে, ঐ প্রতিষ্ঠান চুক্তিবদ্ধ চলমান ভেলিডেশন বা ভেরিফিকেশন কার্যক্রম সম্পন্ন করতে পারে।
- ◆ কতিপয় বা সমুদয় খাতে কোনো তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের পদমর্যাদা স্থগিত হলে, ঐ প্রতিষ্ঠান সংশ্লিষ্ট খাতে নতুন করে কোনো জেসিএম প্রকল্পের ভেলিডেশন বা ভেরিফিকেশন কার্যক্রম হাতে নিতে পারে না।
- ◆ কোনো তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের পদমর্যাদা স্থগিত হলে, ঐ প্রতিষ্ঠান কর্তৃক যেসব প্রকল্পের ভেলিডেশন বা ভেরিফিকেশন কার্যক্রম ইতিমধ্যে সম্পন্ন হয়েছে, সেসব প্রকল্প ক্ষতিগ্রস্ত হয় না। তবে, সেসব প্রকল্পের বিষয়ে যৌথ কমিটি যেকোনো সিদ্ধান্ত গ্রহণ করতে পারে।

পদমর্যাদা পুনর্বহাল প্রক্রিয়া [GL TPE ver.2, para 35-36, 38-39]

- ◆ যৌথ কমিটি কর্তৃক পরিচালিত তদন্তে যদি স্পষ্টত প্রতীয়মান হয় যে, কোনো তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান প্রযোজ্য ক্ষেত্রে জেসিএম বিধিমালা এবং গাইডলাইন মেনে চলছে না, সেক্ষেত্রে যৌথ কমিটি কতিপয় বা সমুদয় খাতে ঐ তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের পদমর্যাদা স্থগিত করতে পারে। স্থগিতকৃত পদমর্যাদা পুনর্বহালের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান যৌথ কমিটি বরাবর আবেদন করতে পারে। তবে, আবেদনপত্র এবং অন্যান্য কাগজপত্রে অবশ্যই স্থগিতের কারণের প্রেক্ষিতে গৃহীত সংশোধিত কার্যক্রম উল্লেখ করতে হবে।
- ◆ প্রযোজ্য ক্ষেত্রে জেসিএম বিধিমালা এবং গাইডলাইন না মানার অভিযোগে কতিপয় বা সমুদয় খাতে কোনো তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের পদমর্যাদা স্থগিত হলে, ঐ প্রতিষ্ঠান উক্ত স্থগিতাদেশের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর ISO 14065 এর অধীনে স্বীকৃতি অথবা CDM এর অধীনে মনোনয়ন পেলে জেসিএম-এর অধীন তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের পদমর্যাদা ফিরে পাওয়ার জন্য পুনরায় আবেদন করতে পারে।
- ◆ কোনো তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের পদমর্যাদা পুনর্বহাল হলে, জেসিএম সেক্রেটারিয়েট অনতিবিলম্বে স্বীকৃত খাতের তালিকাসহ ঐ প্রতিষ্ঠানের নাম সর্বসাধারণের অবগতির জন্য জেসিএম ওয়েবসাইটে প্রকাশ করে।
- ◆ আবেদনপত্রের সাথে সংযুক্ত দলিলাদির উপর ভিত্তি করে যৌথ কমিটি সিদ্ধান্ত গ্রহণ করবে যে, স্থগিতকৃত বা প্রত্যাহার করা তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের পদমর্যাদা পুনর্বহাল করা হবে কিনা।

স্বেচ্ছায় পদমর্যাদা প্রত্যাহার [GL TPE ver.2, para 31-33]

- ◆ যে কোনো তৃতীয় পক্ষীয় সত্তা বা প্রতিষ্ঠান ইলেকট্রনিক উপায়ে আবেদন করে কতিপয় বা সমুদয় খাতে তার (TPE) পদমর্যাদা স্বেচ্ছায় প্রত্যাহার করে নিতে পারে। তবে, আবেদনপত্রে অবশ্যই আবেদনকারী প্রতিষ্ঠানের নাম, যেসব খাতে পদমর্যাদা প্রত্যাহার করতে চায় তার তালিকা এবং প্রত্যাহার কার্যকরের প্রস্তাবিত তারিখ উল্লেখ থাকতে হবে।
- ◆ কোনো তৃতীয় পক্ষীয় সত্তা বা প্রতিষ্ঠান কর্তৃক কতিপয় বা সমুদয় খাতে TPE পদমর্যাদা স্বেচ্ছায় প্রত্যাহারের আবেদন উপরে উল্লিখিত তারিখ হতেই কার্যকর হবে।
- ◆ কোনো তৃতীয় পক্ষীয় সত্তা বা প্রতিষ্ঠান স্বেচ্ছায় TPE পদমর্যাদা প্রত্যাহার করে নিলে উক্ত প্রতিষ্ঠান চুক্তিপত্রে বর্ণিত দায়বদ্ধতা যেমন- তৃতীয় পক্ষীয় সত্তা বা প্রতিষ্ঠান নির্বাচন সংক্রান্ত খরচ থেকে দায়মুক্তি পাবে না।

বস্তু: জেসিএম ভেলিডেশন ও ভেরিফিকেশন গাইডলাইন (VV Guidelines) [GL VV ver.2]

এই গাইডলাইনগুলো তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের জন্য প্রণীত যারা যৌথ কমিটি কর্তৃক অনুমোদিত মেথডোলজি অনুযায়ী জেসিএম প্রকল্প ভেলিডেট বা ভেরিফাই করার জন্য প্রকল্পের অংশীদারগণের সাথে চুক্তিবদ্ধ।

বস্তু: তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান মনোনয়ন সংক্রান্ত জেসিএম গাইডলাইন [GL TPE ver.2]

এ গাইডলাইন তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান মনোনীত, স্থগিত বা প্রত্যাহার বিষয়াদি নিয়ে আলোচনা করে। গাইডলাইনটি উপরিউক্ত কাজে ব্যবহারের জন্য সব প্রার্থী প্রতিষ্ঠান, তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান, যৌথ কমিটি এবং জেসিএম সেক্রেটারিয়েট-এর জন্য প্রণীত।

৩.৫ প্রকল্পের অংশীদারগণ (Project participants-PPs)

◆ প্রকল্পের অংশীদারগণ: [RoI ver.3, para 19]

- ☞ খসড়া মেথডোলজি প্রস্তুত করে অনুমোদনের জন্য যৌথ কমিটির কাছে উপস্থাপন করবে।
- ☞ খসড়া পিডিডি প্রস্তুত করে ভেলিডেশনের জন্য কোনো তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানকে দায়িত্ব দিবে এবং এ বিষয়ে যৌথ কমিটিকে অবহিত করবে।
- ☞ কোনো তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান কর্তৃক ভেলিডেটেড পিডিডি রেজিস্ট্রেশনের জন্য যৌথ কমিটির কাছে উপস্থাপন করতে হবে।
- ☞ পিডিডি অনুযায়ী জেসিএম প্রকল্প বাস্তবায়ন করবে এবং মনিটরিং অব্যাহত রাখবে।
- ☞ মনিটরিং রিপোর্ট তৈরি করে ভেরিফিকেশনের জন্য তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের কাছে প্রেরণ করবে।
- ☞ তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ভেরিফিকেশন রিপোর্ট যৌথ কমিটির কাছে প্রেরণ করবে এবং জেসিএম-এর অধীনে ক্রেডিট ইস্যু করার জন্য প্রত্যেক পক্ষকে অবহিত করার জন্য অনুরোধ করবে।

৩.৬ যোগাযোগের প্রক্রিয়া (MoC)

যোগাযোগের প্রক্রিয়াসমূহ [PCP ver.3, para 39-41, 45]

- ◆ জেসিএম প্রকল্পের অংশীদারগণ নিজ নিজ প্রতিষ্ঠান থেকে দুইজন ফোকাল পয়েন্ট মনোনীত করেন যারা প্রতিষ্ঠান দুটির পক্ষে যৌথ কমিটি এবং সেক্রেটারিয়েটের সাথে প্রয়োজনীয় যোগাযোগ করে থাকে। এ বিষয়টি সুস্পষ্টভাবে MoC-তে অন্তর্ভুক্ত করা থাকে।
- ◆ প্রস্তাবিত জেসিএম প্রকল্পের MoC দাখিলের পর নির্দিষ্ট প্রকল্পের জন্য প্রকল্পের অংশীদারগণ, যৌথ কমিটি, সেক্রেটারিয়েট অথবা প্রত্যেক পক্ষের মধ্যে সব ধরনের অফিসিয়াল যোগাযোগ কার্যক্রম সম্পাদিত হবে ফোকাল পয়েন্টের মাধ্যমে।
- ◆ প্রকল্পের অংশীদারগণ যখন ভেলিডেশনের জন্য তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান এবং পাবলিক ইনপুটের জন্য যৌথ কমিটির কাছে খসড়া PDD দাখিল করে ঠিক সে সময়ে প্রকল্পের অংশীদারগণ যৌথ কমিটি এবং তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান-এর নিকট MoC দাখিল করে। ফোকাল পয়েন্ট এবং প্রকল্পের অংশীদারগণের সাথে যোগাযোগ করার প্রয়োজনীয় তথ্যাবলী উক্ত MoC form-এ অন্তর্ভুক্ত থাকে।
- ◆ কোনো প্রকল্পের রেজিস্ট্রেশনের কাজ সম্পন্ন হলে সেক্রেটারিয়েট ঐ প্রকল্পের MoC form জেসিএম ওয়েবসাইটে প্রকাশ করে। কেবল প্রকল্পের অংশীদারগণ, যৌথ কমিটি, সেক্রেটারিয়েট এবং সংশ্লিষ্ট তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের সাথে MoC শেয়ার করা হয়। সেক্রেটারিয়েট MoC-এর ১-৪ নম্বর সেকশন পর্যন্ত টেক্সট বিনা নমুনা স্বাক্ষরে সর্বসাধারণের অবগতির জন্য জেসিএম ওয়েবসাইটে প্রকাশ করে।

ফোকাল পয়েন্ট [PCP ver.3, para 42-44]

- ◆ প্রকল্পের অংশীদারগণ নিম্নলিখিত কার্যাবলী সম্পাদনে ফোকাল পয়েন্টদের কর্তৃত্ব প্রদান করে থাকে:
 - (ক) নিজ নিজ এ্যাকাউন্টে ক্রেডিট ইস্যু করার জন্য অনুরোধ করতে যোগাযোগ করা;
 - (খ) প্রকল্পে অংশীদার হিসেবে যুক্ত হওয়া এবং/অথবা স্বেচ্ছায় অংশীদারিত্ব প্রত্যাহার করে নেওয়ারসহ ফোকাল পয়েন্ট, কোম্পানির নাম, লিগ্যাল স্ট্যাটাস, যোগাযোগের ঠিকানা ও নমুনা স্বাক্ষরে পরিবর্তন আনয়নের ক্ষেত্রে যোগাযোগ করা; এবং
 - (গ) উপ-অনুচ্ছেদ (ক) ও (খ)-এর আওতাভুক্ত নয় জেসিএম প্রকল্প সংশ্লিষ্ট এমন অন্যান্য সব বিষয়ে যোগাযোগ করা।
- ◆ প্রকল্পের অংশীদারগণ এবং ফোকাল পয়েন্টবৃন্দ একজন প্রাথমিক অনুমোদিত স্বাক্ষরকারী এবং একজন বিকল্প অনুমোদিত স্বাক্ষরকারী মনোনীত করে। প্রাথমিক অনুমোদিত স্বাক্ষরকারী অথবা বিকল্প অনুমোদিত স্বাক্ষরকারীর স্বাক্ষর কোনো বিষয়ে প্রকল্পের অংশীদারগণ এবং ফোকাল পয়েন্টদের সম্মতি বা নির্দেশনার সুস্পষ্ট বহিঃপ্রকাশ বোঝাবে।
- ◆ একটি MoC-তে প্রকল্পের অংশীদারগণ ব্যক্তি পর্যায়ে কোনো চুক্তিমূলক ব্যবস্থাকে অন্তর্ভুক্ত করবে না বা রেফারেন্স হিসেবে নির্দেশ করবে না।

৩.৬ যোগাযোগ পদ্ধতি (Procedures for modalities of communication - MoC)

রেজিস্টার্ড যোগাযোগের প্রক্রিয়াসমূহ পরিবর্তনের উপায়: [PCP ver.3, para 110-112, 114-118]

- ◆ MoC বিষয়ে প্রস্তাবিত পরিবর্তন অনুমোদন পাওয়ার সাথে সাথে জেসিএম প্রকল্পের অংশীদারগণ রেজিস্টার্ড MoC-এর বিষয়বস্তুতে ঐসব পরিবর্তন অন্তর্ভুক্ত করার জন্য সেক্রেটারিয়েটকে অনুরোধ জানাবে।
- ◆ সেক্রেটারিয়েটে দাখিলকৃত রেজিস্টার্ড MoC-তে যখনই কোনো ধরনের অসঙ্গতি বা ভুল পরিলক্ষিত হয়, সেক্রেটারিয়েট তখনই প্রকল্পের অংশীদারগণকে নতুন করে MoC form দাখিলের অনুরোধ করতে পারে।
- ◆ রেজিস্টার্ড MoC-এর বিষয়বস্তুতে অনুমোদিত পরিবর্তন আনয়নের জন্য অনুরোধ করার আগে প্রকল্পের অংশীদারগণ সর্বশেষ হালনাগাদকৃত MoC form পূরণ করে একটি নতুন MoC ইলেকট্রনিক মাধ্যমে সেক্রেটারিয়েটে দাখিল করবে।
- ◆ যেসব প্রকল্প-অংশীদার নতুন MoC দাখিল করবে তারা নিশ্চিত করবে যে-
 - (ক) সহায়ক দলিলাদি যেমন- অ্যাটার্নি ক্ষমতা, বোর্ড সভার কার্যবিবরণীর সারসংক্ষেপ, কোম্পানি এসোসিয়েশন দলিল, জাতীয় কোম্পানী নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সার্টিফিকেট যা আনলাইনে ভেরিফাই করা যায় না। এসব দলিলাদি ইস্যু বা নোটারীর তারিখ অনুমোদিত MoC-তে পরিবর্তন আনয়নের লক্ষ্যে আবেদন করার সময় হতে দুই বছরের মধ্যে হতে হবে। এই সময় সীমাবদ্ধতা জাতীয় পরিচয়পত্রের অনুলিপি ফক্ষে প্রযোজ্য নয়;
 - (খ) যতটা সম্ভব একাধিক জেসিএম প্রকল্পের জন্য প্রযোজ্য পরিবর্তনসমূহ অথবা একই প্রকল্পের একাধিক পরিবর্তন একটি মাত্র ফরমে উপস্থাপন করতে হবে।
- ◆ কোনো প্রকল্প-অংশগ্রহণকারীর আইনসম্মত প্রতিনিধি ঐ প্রকল্প-অংশগ্রহণকারীর অনুমোদিত স্বাক্ষরকারীর পক্ষে স্বাক্ষর করতে পারে যদি কোনো প্রকল্প অংশগ্রহণকারীর প্রাথমিক এবং বিকল্প অনুমোদিত স্বাক্ষরকারীকে নাগাল পাওয়া না যায়।
- ◆ আইনি প্রতিনিধিগণ যারা প্রকল্পের অংশীদারগণের পক্ষে স্বাক্ষর করে লিখিত দলিলাদি দাখিল করেন স্ব-স্ব প্রতিষ্ঠানের পক্ষে স্বাক্ষর করার জন্য তাদের অনুমোদন থাকতে হবে
- ◆ দাখিলকৃত দলিলাদি যথাযথ প্রমাণাদি সরবরাহ করতে ব্যর্থ হলে সেক্রেটারিয়েট অতিরিক্ত ব্যাখ্যা বা সহায়ক দলিলাদি দাখিলের অনুরোধ করতে পারে।
- ◆ সেক্রেটারিয়েট প্রয়োজনে সংযুক্তি-১ সহ হালনাগাদকৃত MoC এবং যে তারিখ থেকে MoC কার্যকর হবে সে তারিখ উল্লেখ করে জেসিএম ওয়েবসাইটে প্রকাশ করে।

স্বেচ্ছায় ফোকাল পয়েন্ট পরিবর্তন [PCP ver.3, para 119-120]

- ◆ একটি রেজিস্টার্ড জেসিএম প্রকল্পের যেকোনো প্রকল্প-অংশগ্রহণকারী সর্বশেষ হালনাগাদকৃত JCM Modalities of Communication Statement Form পূরণ করে সংশ্লিষ্ট জেসিএম প্রকল্পের সকল অংশগ্রহণকারীর স্বাক্ষরযুক্ত একটি নতুন MoC ইলেকট্রনিক মাধ্যমে সেক্রেটারিয়েটে দাখিল করে যেকোনো সময়ে এবং যেকোনো কারণে ফোকাল পয়েন্ট মনোনয়ন পরিবর্তনের জন্য অনুরোধ করতে পারে।
- ◆ প্রকল্প-অংশগ্রহণকারীগণ MoC Form-এর নতুন ভার্সন প্রকাশের পূর্ববর্তী (grace period) ৬ মাস সময়ের মধ্যে পুরাতন ফরম পূরণপূর্বক দাখিল করে ফোকাল পয়েন্ট মনোনয়ন পরিবর্তনের জন্য অনুরোধ করতে পারে। তবে, নতুন MoC Form প্রকাশের ৬ মাস পর পুরাতন MoC Form দাখিল করলে সেক্রেটারিয়েট তা গ্রহণ করবে না।

প্রকল্পের অংশীদার পরিবর্তন [PCP ver.3, para 121-122]

- ◆ প্রকল্প রেজিস্ট্রেশনের পর রেজিস্টার্ড জেসিএম প্রকল্পের অংশীদারের ক্ষেত্রে যে কোনো পরিবর্তন হলে, নিম্নলিখিত প্রতিটি পরিবর্তনের জন্য প্রকল্পের অংশীদারগণ MoC form-এর পূরণকৃত সংযুক্তি- ১ দাখিল করবে।
 - (ক) নতুন কোনো অংশীদার যুক্ত হলে;
 - (খ) প্রতিষ্ঠানের নাম বা লিগ্যাল স্ট্যাটাস পরিবর্তন;
 - (গ) কোনো অংশীদার অংশীদারিত্ব প্রত্যাহার করলে; দেউলিয়া হওয়ার দায়ে বা অন্য কোনো কারণে কারো অংশীদারিত্ব স্থগিত হলে এবং MoC form-এ স্বাক্ষর করার যোগ্যতা হারালে উপযুক্ত প্রামাণিক দলিলাদি দাখিল করতে হবে।
 - (ঘ) যোগাযোগের ঠিকানা বা নমুনা স্বাক্ষরের ক্ষেত্রে পরিবর্তন
- ◆ রেজিস্টার্ড জেসিএম প্রকল্পে নতুন করে যুক্ত কোনো অংশীদার বিদ্যমান MoC মেনে নিবে যদি না নতুন করে কোনো MoC দাখিল করে।

চতুর্থ অধ্যায়: জেসিএম প্রকল্পের মেথডোলজি (JCM project methodology)

8.1 মেথডোলজির কাঠামো (Methodology structure) [Glos ver.2, No.19-21] [GL PM ver.2, para 16]

◆ প্রতিটি জেসিএম প্রকল্প কর্তৃক অর্জিত খিনহাউজ গ্যাস নির্গমন হ্রাসের পরিমাণ নির্ধারণ এবং জেসিএম প্রকল্প মনিটরিং কাজে মেথডোলজি ব্যবহার করা হয়।

প্রস্তাবিত মেথডোলজি

- ☞ যে মেথডোলজি অনুমোদনের জন্য যৌথ কমিটি বরাবর দাখিল করা হয়েছে।
- ☞ এতে প্রস্তাবিত মেথডোলজি ফরম এবং প্রস্তাবিত মেথডোলজি স্প্রেডশিট থাকে।

প্রস্তাবিত মেথডোলজি স্প্রেডশীট

- ☞ এটি একটি মনিটরিং প্ল্যান তৈরি এবং স্বয়ংক্রিয়ভাবে মান (values) বসিয়ে খিনহাউজ গ্যাস নির্গমন কমানোর পরিমাণ নির্ধারণে সাহায্য করে।
- ☞ এতে থাকে একটি ইনপুট শিট (input sheet) এবং খিনহাউজ গ্যাস নির্গমন কমানোর পরিমাণ হিসাব পত্রিকা শিট (Calculation Process Sheet)।

ইনপুট শিট

এতে উল্লেখ রয়েছে সবগুলো প্যারামিটারের কথা— যেসব প্যারামিটার পূর্বে মনিটর করা হয়েছে, যেসব প্রকল্প ভিত্তিক প্যারামিটার (যেমন- অতীত উপাত্ত) প্রকল্পের অংশীদারগণ কর্তৃক পূর্বে নির্ধারণের কথা রয়েছে এবং যেসব ডিফোল্ট ফ্যাক্টর (default factors) প্রকল্পের অংশীদারগণ কর্তৃক পরিবর্তিত হতে পারে। মেথডোলজি প্রস্তুতকারীগণ প্রত্যেক প্যারামিটারের জন্য মেথডোলজি ফরমের প্রয়োজনীয় সবগুলো ক্ষেত্র পূরণ করে কেবল এসব ক্ষেত্রগুলো ছাড়া যেগুলো ইনপুট ডাটার (inputted values) জন্য ব্যবহৃত হয়।

হিসাব প্রক্রিয়া শিট (Calculation Process Sheet)

হিসাব প্রক্রিয়া শিটে রয়েছে সবগুলো ডিফোল্ট মান (default values) যেগুলো প্রকল্পের অংশীদারগণ পরিবর্তন করতে পারেন না। এছাড়া, এতে রয়েছে সুনির্দিষ্ট হিসাব প্রক্রিয়া—যে প্রক্রিয়ায় রেফারেন্স নির্গমন (reference emissions), প্রকল্প নির্গমন (project emissions), এবং নির্গমন হ্রাসের পরিমাণ (emission reductions) হিসাব করা যায়।

অনুমোদিত মেথডোলজি

- ☞ যে মেথডোলজি জেসিএম প্রকল্পে প্রয়োগের নিমিত্ত যৌথ কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে।
- ☞ এতে রয়েছে অনুমোদিত মেথডোলজি দলিল এবং মনিটরিং স্প্রেডশিট।

মনিটরিং স্প্রেডশিট

- ☞ মনিটরিং প্ল্যান শিট, মনিটরিং কাঠামো শিট এবং মনিটরিং রিপোর্ট শিট নিয়ে মনিটরিং স্প্রেডশিট গঠিত।

মনিটরিং প্ল্যান শিট

ভেলিডেশনের পূর্বে একটি মনিটরিং প্ল্যান তৈরি এবং পূর্বে ঘটিত নির্গমন হ্রাসের পরিমাণ হিসাব করে বের করার জন্য মনিটরিং প্ল্যান শিট ব্যবহৃত হয়।

মনিটরিং কাঠামো শিট

ভেলিডেশনের পূর্বে একটি অপারেশনাল এবং ম্যানেজমেন্ট কাঠামো নির্ধারণ করতে ব্যবহার করা হয়। অপারেশনাল এবং ম্যানেজমেন্ট কাঠামো বাস্তবায়নের মাধ্যমে জেসিএম প্রকল্প মনিটরিং করা হয়।

মনিটরিং রিপোর্ট শিট

ভেরিফিকেশনের পূর্বে একটি মনিটরিং রিপোর্ট তৈরি এবং অর্জিত নির্গমন হ্রাস পরিমাপের লক্ষ্যে ব্যবহৃত হয়।

- ☞ মনিটরিং প্ল্যান শিট এবং মনিটরিং রিপোর্ট শিটে ইনপুট শিট এবং হিসাব প্রক্রিয়া শিট থাকে। ইনপুট শিট এবং হিসাব প্রক্রিয়া শিট প্রস্তাবিত মেথডোলজি স্প্রেডশিটের উপর ভিত্তি করে তৈরি করা হয়। যৌথ কমিটি কর্তৃক প্রস্তাবিত মেথডোলজি অনুমোদিত হলে সেক্রেটারিয়েট কর্তৃক মনিটরিং কাঠামো শিট সংযুক্ত করা হয়।

বক্স: প্রস্তাবিত মেথডোলজি তৈরির জেসিএম গাইডলাইন (মেথডোলজি গাইডলাইন) [GL PM ver.2, para 1]

- ☞ এ গাইডলাইনটি তৈরির উদ্দেশ্য হলো জেসিএম প্রকল্পের জন্য প্রস্তাবিত মেথডোলজি তৈরির ক্ষেত্রে প্রত্যেক পক্ষ বা মেথডোলজি প্রস্তুতকারীদের সহযোগিতা করা। এছাড়া, প্রস্তাবিত মেথডোলজি মূল্যায়নের ক্ষেত্রে যৌথ কমিটিকে সাহায্য করাও এ গাইডলাইনের অন্যতম লক্ষ্য।


8.২ রেফারেন্স নির্গমন (Reference emission) [GL PM ver.2, para 7-8, Glos ver.2, no.6-7]

◆ জেসিএম-এ নির্গমন হ্রাস বলতে রেফারেন্স নির্গমন এবং প্রকল্প নির্গমনের ব্যবধানকে বোঝায় যা জেসিএম প্রকল্পের ক্রেডিট হিসেবে গণ্য হয়।

◆ রেফারেন্স নির্গমন


- ☞ বাংলাদেশ প্রস্তাবিত জেসিএম প্রকল্পে স্বাভাবিকভাবে যে নির্গমন হয় (BaU emissions) একই পরিমাণ আউটপুট বা সেবা নিশ্চিত করেও বিশ্বাসযোগ্যভাবে যখন তার চেয়ে কম মাত্রার নির্গমন (গ্রিনহাউজ গ্যাস নেট হ্রাস বা নির্গমন এড়িয়ে চলা নিশ্চিত করার লক্ষ্যে) হয় তখন তাকে রেফারেন্স নির্গমন বলে;
- ☞ পরিমাপ করা হয় একটি ক্রেডিটিং থ্রেশহোল্ড (crediting threshold) এর সাথে গুণ করে। প্রতি ইউনিট আউটপুটে গ্রিনহাউজ গ্যাস নির্গমনের পরিমাণকে মোট আউটপুট দ্বারা ভাগ করে ভাগফলকে ক্রেডিটিং থ্রেশহোল্ড হিসেবে প্রকাশ করা হয়।
- ☞ সাধারণত প্রতি ইউনিট আউটপুটে গ্রিনহাউজ গ্যাসের পরিমাণকে ক্রেডিটিং থ্রেশহোল্ড হিসেবে প্রকাশ করা হয়ে থাকে এবং স্বাগতিক দেশে একই ধরনের জেসিএম প্রকল্পে প্রয়োগের জন্য প্রথম থেকেই মেথডোলজিতে নির্ধারণ করা হয়ে থাকে। এটি নির্ধারণে রক্ষণশীল হওয়া বাঞ্ছনীয়।

চিত্র: স্বাভাবিক নির্গমন, রেফারেন্স নির্গমন এবং প্রকল্প নির্গমনের মধ্যে বিদ্যমান পার্থক্য নির্দেশক ডায়াগ্রাম।



বস্তু: নেট হ্রাসের পরিমাণ নির্ধারণের বিকল্প পদ্ধতি [GoJ Jul 2016]

- ☞ একটি প্রকল্প হতে কী পরিমাণ নির্গমন হচ্ছে সেটি নির্ণয় করতে বিভিন্ন প্যারামিটারের ক্ষেত্রে প্রকৃত মানের পরিবর্তে রক্ষণশীল ডিফোল্ট মান ব্যবহার করলে নির্গমনের নির্ণীত পরিমাণ (calculated project emissions) প্রকৃত পরিমাণ (actual project emissions) অপেক্ষা বেশি হবে।



৪.৩ উপযুক্ততার শর্তাবলী (Eligibility criteria) [GL PM ver.2, para 9, Glos ver.2, no.4]

- ◆ উপযুক্ততার শর্তাবলী বলতে জেসিএম মেথডোলজিতে উল্লিখিত জেসিএম প্রকল্পের প্রয়োজনীয়তাসমূহকে নির্দেশ করে যা নিম্নে উল্লেখ করা হলো:
 - (ক) প্রস্তাবিত প্রকল্পকে জেসিএম প্রকল্প হিসেবে রেজিস্টার্ড হতে হবে।
 - (খ) প্রস্তাবিত প্রকল্পে অনুমোদিত মেথডোলজি প্রয়োগ করার সুযোগ থাকতে হবে।

বক্স: উপযুক্ততার শর্তাবলী [GoJ Aug 2016]

◆ উপযুক্ততার শর্তাবলী;

- ☞ মেথডোলজিতে উপযুক্ততার শর্তাবলী সুস্পষ্টভাবে সংজ্ঞায়িত থাকলে প্রকল্পের অংশীদারগণ কর্তৃক প্রস্তাবিত প্রকল্প প্রত্যাখানের সম্ভাবনা কমে যায়।
- ☞ একটি “চেক লিস্ট” থাকলে প্রস্তাবিত প্রকল্প জেসিএম-এর অধীনে উপযুক্ত কিনা এবং উক্ত প্রকল্পে জেসিএম-এর মেথডোলজি প্রয়োগ করা যাবে কিনা তা সহজে নির্ধারণ করা যায়।
- ☞ উভয় দেশের সরকার যৌথ কমিটি কর্তৃক জেসিএম মেথডোলজি অনুমোদন প্রক্রিয়ার মাধ্যমে কী কী প্রযুক্তি বা পণ্য উপযুক্ততার শর্তাবলীতে অন্তর্ভুক্ত হবে তা নির্ধারণ করে থাকে।
- ☞ প্রকল্পের অংশীদারগণ জেসিএম প্রকল্প রেজিস্ট্রেশনের জন্য আবেদন করার সময় অনুমোদিত জেসিএম মেথডোলজিগুলো ব্যবহার করতে পারে।

◆ উদাহরণ:

- | | |
|--|--|
| <p>(ক) কোনো প্রকল্পকে জেসিএম প্রকল্প হিসেবে নিবন্ধিত/রেজিস্টার্ড হওয়ার জন্য নিম্নলিখিত শর্তপূরণ করতে হয়।</p> <ul style="list-style-type: none"> ☞ একটি প্রস্তাবিত প্রকল্পের ভেলিডেশন মূল্যায়ন এবং রেজিস্ট্রেশনের জন্য যুক্তিসংগত ভিত্তি থাকতে হবে। ☞ উদাহরণ <ul style="list-style-type: none"> ✓ নতুন কিছু প্রবর্তন (যেমন- পণ্য/প্রযুক্তি) যার ডিজাইন এফিসিয়েন্সি (design efficiency) সাধারণ মাত্রার চেয়ে বেশি যেমন- আউটপুট/প্রতি ঘণ্টায় কিলোওয়াট <বেঞ্চমার্ক পদ্ধতি> ✓ নতুন কিছু প্রবর্তন (নির্দিষ্ট উচ্চ কার্যক্ষম পণ্য/প্রযুক্তি, যেমন- ইনভার্টারসহ এয়ার কন্ডিশনার, ইলেকট্রিক যানবাহন বা ব্যাটারী সংবলিত পিভি) <ইতিবাচক তালিকা পদ্ধতি> | <p>(খ) কোনো প্রকল্পে অনুমোদিত মেথডোলজি প্রয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রকল্পের নিম্নলিখিত বৈশিষ্ট্যাবলী থাকা প্রয়োজন।</p> <ul style="list-style-type: none"> ☞ উদাহরণ <ul style="list-style-type: none"> ✓ নির্দিষ্ট কয়েক বছরের পারাবাহিক উপাত্ত; ✓ কোনো মাধ্যমে বিদ্যুৎ উৎপাদন (যেমন- পিভি, উইন্ড টারবাইন ইত্যাদি) এবং উৎপাদিত বিদ্যুৎ জাতীয় খ্রিডে সরবরাহরত; এবং ✓ বিদ্যমান বয়লারের রেট্রোফিট ☞ মেথডোলজি প্রয়োগের শর্তাদি CDM-এর অধীনে মেথডোলজি প্রয়োগের শর্তাবলীর অনুরূপ |
|--|--|

8.8 মেথডোলজি প্রস্তুতকরণ [GL PM ver.2, para 13, 15, 17-18] [PCP ver.3, para 6]

- ◆ মেথডোলজি প্রণয়নকারীরা উপযুক্ততার শর্তাবলী নির্বাচন, ডিফোল্ট মান এবং রেফারেন্স নির্গমন নির্ধারণ বিষয়ে প্রধান প্রধান যৌক্তিক এবং পরিমাণগত হিসাবসমূহের ন্যায্যতা প্রমাণ করার সহায়ক দলিলাদি সরবরাহ করেন।
- ◆ জাপানিজ পক্ষ, বাংলাদেশ পক্ষ অথবা প্রকল্পের অংশীদারগণ মেথডোলজি প্রণয়নকারী হতে পারেন।
- ◆ প্রস্তাবিত মেথডোলজি:
 - ☞ পদ্ধতিগত দিক এতটাই স্পষ্টভাবে ব্যাখ্যা করা থাকে যে এটি সহজে ব্যবহারযোগ্য, জেসিএম প্রকল্পে দ্ব্যর্থহীনভাবে প্রয়োগযোগ্য এবং যে কোনো তৃতীয় পক্ষ দ্বারা পুনরুৎপাদন যোগ্য;
 - ☞ জেসিএম-এর অধীন ভেলিডেশন এবং/অথবা ভেরিফিকেশন প্রক্রিয়া শেষ হলে জেসিএম প্রকল্পে প্রয়োগযোগ্য হয়;
 - ☞ সকল আলগরিদম, ফর্মুলা এবং ধাপবিশিষ্ট কার্যপ্রণালীকে অন্তর্ভুক্ত করে যা মেথডোলজি প্রয়োগ করতে এবং প্রকল্প ভেলিডেট করতে প্রয়োজন হয়। যেমন- রেফারেন্স নির্গমন ও প্রকল্প নির্গমন হিসাব করা।
 - ☞ যেকোনো যৌক্তিক বা পরিমাণগত অনুমান করতে প্রয়োজনীয় নির্দেশাবলী প্রদান করে থাকে যেসব যৌক্তিক বা পরিমাণগত অনুমান বিদ্যমান মেথডোলজিতে উল্লেখ থাকে না এবং মেথডোলজি ব্যবহারকারীদের দ্বারা প্রস্তাব করা হয়;
 - ☞ অনৈতিক ইনসেনটিভ প্রদানের মাধ্যমে উদ্দেশ্য প্রণোদিত ক্রেডিট বৃদ্ধি পরিহার করে (যখন উদ্দেশ্য প্রণোদিতভাবে ইনসেনটিভ বাড়িয়ে আউটপুট বা উৎপাদন বৃদ্ধি করা হয়।)

- ☞ প্রস্তাবিত মেথডোলজি ফরম এবং প্রস্তাবিত মেথডোলজি স্প্রেডশিট ইংরেজিতে পূরণ করতে হয়।
- ☞ প্রস্তাবিত মেথডোলজি ফরমটি সম্পূর্ণ অপরিবর্তিত রেখে পূরণ করতে হয়। এমনকি ফরমের ফরমেট, ফন্ট বা শিরোনামেও কোনো ধরনের পরিবর্তন করা যায় না। যদি ফরমের কিছু অংশ প্রয়োজ্য না হয় তবে স্পষ্টভাবে বলা আছে যে, অপ্রয়োজ্য অংশ ইচ্ছা করলে ফাঁকা রাখা যাবে;
- ☞ প্রস্তাবিত মেথডোলজি ফরম এবং প্রস্তাবিত মেথডোলজি স্প্রেডশিটে বিভিন্ন ধরনের মানের (values) উপস্থাপন হতে হবে আন্তর্জাতিক ফরমেটে (যেমন- ১০০০ হলো এক হাজার এবং ১.০ হলো এক)। যে ধরনের ইউনিট ব্যবহৃত হবে একইসাথে এর এসআই (SI) ইউনিট (হাজার/মিলিয়ন) ব্যবহার করতে হবে যাতে করে এর যথার্থ স্বচ্ছতা ও পরিচ্ছন্নতা নিশ্চিত হয়।

<p>জেসিএম-এর খাতভিত্তিক পরিসীমা [GL PM ver.2 Annex 1]</p> <p>জেসিএম-এ খাতভিত্তিক পরিসীমা বলতে গ্রিনহাউজ গ্যাস নির্গমনের উৎস খাতগুলোর ক্যাটাগরিকে বোঝায় অথবা জেসিএম প্রকল্পের অন্তর্ভুক্ত করা যায় এমন কার্যক্রমকে বোঝায়। একটি জেসিএম প্রকল্প একাধিক খাতের অন্তর্ভুক্ত হতে পারে:</p> <p>১. জ্বালানি শিল্পসমূহ (নবায়নযোগ্য/অ-নবায়নযোগ্য উৎস);</p>	<p>২. জ্বালানি বিতরণ;</p> <p>৩. জ্বালানি চাহিদা</p> <p>৪. মেনুফেকচারিং শিল্পকারখানা;</p> <p>৫. কেমিক্যাল শিল্প</p> <p>৬. নির্মাণ শিল্প</p> <p>৭. পরিবহন খাত</p> <p>৮. খনি খনন/খনিজ পদার্থ</p> <p>৯. ধাতব পদার্থ</p>	<p>১০. ফুয়েল থেকে ফুজিটিভ নির্গমন (কঠিন, তরল ও বায়বীয়)</p> <p>১১. হ্যালোক্যার্বন এবং সালফার হেক্সাফ্লুরাইড উৎপাদন এবং কনজাম্পশন প্রক্রিয়া থেকে ফুজিটিভ নির্গমন;</p> <p>১২. দ্রাবক ব্যবহার/প্রয়োগ</p> <p>১৩. বর্জ্য ব্যবস্থাপনা এবং অপসারণ</p> <p>১৪. বনায়ন (এফরেস্টেশন এবং রিফরেস্টেশন)</p> <p>১৫. কৃষি</p>
---	---	---

৪.৫ প্রস্তাবিত মেথডোলজি দাখিল পদ্ধতি [PCP ver.3, para 6- 25]

মেথডোলজি প্রণয়নকারীগণ

সেক্রেটারিয়েট

যৌথ কমিটি (JC)

দাখিল

(১) সর্বশেষ হালনাগাদকৃত ফরম ব্যবহার করে একটি প্রস্তাবিত মেথডোলজি তৈরি করে অনুমোদনের জন্য (সেক্রেটারিয়েটের মাধ্যমে) ইলেকট্রনিক মাধ্যমে যৌথ কমিটির নিকট দাখিল করে।

প্রস্তাবিত মেথডোলজি ১) পূরণকৃত “জেসিএম প্রস্তাবিত মেথডোলজি ফরম” এবং ২) “জেসিএম প্রস্তাবিত মেথডোলজি স্প্রেডশিট” নিয়ে গঠিত। আবার এ দুটি ফরমে রয়েছে ইনপুট শিট (Input Sheet) এবং হিসাব প্রক্রিয়া শিট (Calculation Process Sheet)। এ দুটি শিট মেথডোলজি গাইডলাইন অনুযায়ী তৈরি করা হয়।

প্রস্তাবিত মেথডোলজিতে আরো কিছু সহায়ক ডকুমেন্ট থাকতে পারে যেগুলো মেথডোলজি বুঝতে সহায়তা করে।

(৪'-১) সেক্রেটারিয়েট কর্তৃক পূর্বে অসম্পূর্ণ হিসেবে শনাক্ত করা হয়েছে এমন প্রস্তাবিত মেথডোলজি পুনরায় দাখিল করা যেতে পারে। পুনর্দাখিলের সময় পূর্বে শনাক্ত করা অসম্পূর্ণতার কারণগুলো দূর করতে হবে।

(২) প্রস্তাবিত মেথডোলজি দাখিলের বিষয়ে ইলেকট্রনিক মাধ্যমে মেথডোলজি প্রণয়নকারীদের নিকট প্রাপ্তিস্বীকার করে।

সম্পূর্ণতা যাচাই (৭ ক্যালেন্ডার দিবসের মধ্যে)

(৩) দাখিলের ৭ ক্যালেন্ডার দিবসের মধ্যে সেক্রেটারিয়েট প্রস্তাবিত মেথডোলজি যাচাই করে দেখে যে এটি সম্পূর্ণ মেথডোলজি কিনা এবং মেথডোলজি প্রণয়নকারীদের উদ্দেশ্য এতে কার্যকরভাবে প্রতিফলিত হয়েছে কিনা।

অসম্পূর্ণ

(৪') যদি দাখিলকৃত মেথডোলজি অসম্পূর্ণ বলে প্রতীয়মান হয় তবে, অসম্পূর্ণতার যথাযথ কারণগুলো সেক্রেটারিয়েট মেথডোলজি প্রণয়নকারীদের অবহিত করবে।

সর্বসাধারণের মতামত (১৫ ক্যালেন্ডার দিবসের মধ্যে)


(৪) যদি দাখিলকৃত মেথডোলজি সবদিক বিবেচনায় সম্পূর্ণ বলে মনে হয়, তবে সর্বসাধারণের মতামতের জন্য জেসিএম ওয়েবসাইটে মেথডোলজিটি প্রকাশ করা হবে। সর্বসাধারণের মতামত গ্রহণের সময়সীমা ১৫ ক্যালেন্ডার দিবস।

(৫) সেক্রেটারিয়েট সর্বসাধারণের কাছ থেকে প্রাপ্ত সব মতামত জেসিএম ওয়েবসাইটে প্রকাশ করে।


(১') যৌথ কমিটির উদ্যোগে একটি প্রস্তাবিত মেথডোলজি তৈরি করা হয়।

সম্পূর্ণ

৪.৫ প্রস্তাবিত মেথডোলজি দাখিল পদ্ধতি



৪.৬ অনুমোদিত মেথডোলজি সংশোধন পদ্ধতি [PCP ver.3, para 72-84]



৫.১ পিডিডি প্রস্তুতকরণ (Making PDD) [GL PDD ver.3, para 3, 9-13, 16-22, part 4.A.5]

- ◆ জেসিএম প্রকল্পের অংশীদারগণ প্রকল্প ডিজাইন ডকুমেন্ট প্রস্তুত করে থাকেন। পিডিডি-তে জেসিএম বিধিমালা ও গাইডলাইন (JCM rules and guidelines) অনুসরণে বাস্তবায়িতব্য একটি জেসিএম প্রকল্পের বিস্তারিত রূপরেখা থাকে।
- ◆ একটি প্রস্তাবিত জেসিএম প্রকল্পের ডিজাইন, পিডিডি ও মনিটরিং রিপোর্ট তৈরি করার সময় প্রকল্পের অংশীদারগণ পিডিডি, মনিটরিং গাইডলাইন এবং নির্বাচিত মেথডোলজি (যে মেথডোলজিতে অনুমোদিত মেথডোলজি ডকুমেন্ট এবং মনিটরিং স্প্রেডশিট থাকে) ব্যবহার করে।

পিডিডি

এতে থাকে একটি পূরণকৃত ফরম এবং একটি মনিটরিং প্ল্যান। মনিটরিং প্ল্যান মূলতঃ মনিটরিং প্ল্যান শিট এবং মনিটরিং কাঠামো শিট নিয়ে গঠিত হয়। মনিটরিং রিপোর্ট শিটের সাহায্যে মনিটরিং রিপোর্ট তৈরি করা হয়।

পিডিডি ফরম

জেসিএম ডিজাইন ডকুমেন্ট ফরম (সংস্করণ ভার্সন ২)

মনিটরিং প্ল্যান

মনিটরিং প্ল্যান শিট

মনিটরিং কাঠামো শিট

- ☞ প্রকল্পের অংশীদারগণ পুরো প্রকল্পের একটি বর্ণনা দিয়ে থাকেন যাতে বর্ণিত প্রকল্পের ধরন এবং বাস্তবায়ন বিষয়ে সুস্পষ্ট ধারণা পাওয়া যায়।
- ☞ প্রকল্পের অংশীদারগণ রেজিস্টার্ড জেসিএম প্রকল্প এবং এর খিনহাউজ গ্যাস নির্গমন হ্রাস প্রক্রিয়া মনিটর করে থাকেন। এছাড়া, প্রকল্পের অংশীদারগণ তথ্য-উপাত্ত ব্যবস্থাপনার জন্য কোয়ালিটি ম্যানেজমেন্ট পদ্ধতি নির্ধারণ এবং প্রয়োগ করেন। তাদের উচিত নির্গমন হ্রাসের পরিমাণ নির্ণয় বিষয়ে বাস্তবে যতটা সম্ভব সংশয় দূর করা।
- ☞ মনিটরিং স্প্রেডশিট সংশোধন করা যেতে পারে যদি সংশ্লিষ্ট অনুমোদিত মেথডোলজি সংশোধন করা হয়।
- ☞ পিডিডি ফরম এবং মনিটরিং স্প্রেডশিট ইংরেজিতে পূরণ করতে হয়।
- ☞ পিডিডি ফরম এবং মনিটরিং স্প্রেডশিট পরিবর্তন করা যায় না। অর্থাৎ এর ফরমেট, ফন্ট, শিরোনাম ইত্যাদি পরিবর্তন না করে পূরণ করতে হয়। তবে, পিডিডি ফরম-এর সংযুক্তিতে যে টেবিলগুলো আছে তাতে সারি (row) যোগ করা যেতে পারে।
- ☞ পিডিডি-তে বর্ণিত কোনো তথ্যকে প্রকল্পের অংশীদারগণ যদি গোপনীয় মনে করে, তবে প্রকল্পের অংশীদারগণের উচিত হবে পিডিডি-এর দুটি সংস্করণ দাখিল করা। যেমন- (১) একটা সংস্করণ যেখানে সব গোপনীয় বা স্বত্বাধিকারযুক্ত তথ্যাবলীকে উদ্দেশ্যপ্রণোদিতভাবে অস্পষ্ট বানানো হয় এবং (২) আরেকটা সংস্করণ যেখানে এমনসব তথ্য থাকবে যেসব তথ্যের গোপনীয়তা কঠোরভাবে রক্ষা করতে হয়।
- ☞ উপযুক্ততার শর্তাবলী এবং পরিবেশগত প্রভাব নিরূপণ কার্যকরকরণ সংক্রান্ত বিবরণকে গোপনীয় বা স্বত্বাধিকারযুক্ত বিবেচনা করা হয় না।
- ☞ স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে পিডিডি-তে প্রদেয় মানসমূহ বিশেষ করে, যেসব মান নির্গমন হ্রাসের পরিমাণ নির্ধারণের ক্ষেত্রে ব্যবহৃত হয় সেসব মানসমূহকে তাদের এসআই (SI) ইউনিটসহ আন্তর্জাতিক ফরমেটে উপস্থাপন করতে হয়।
- ☞ জেসিএম প্রকল্প শুরু করার তারিখ বিশেষ করে, প্রকল্পের অপারেশন চালু হওয়ার তারিখ ১ জানুয়ারী ২০১৩-এর পূর্বে হবে না। প্রত্যাশিত কর্মক্ষম জীবনকাল (operational lifetime) প্রকাশিত পরিসংখ্যানিক উপাত্ত, একই ধরনের অন্য প্রকল্পের রেফারেন্স উপাত্ত, আইনানুমোদিত সময়কাল, বিশেষজ্ঞ জ্ঞান ইত্যাদির আলোকে ব্যাখ্যা করা যেতে পারে।

বক্স: পিডিডি এবং মনিটরিং রিপোর্ট প্রস্তুতকরণ জেসিএম গাইডলাইন (PDD and Monitoring Guidelines) [GL PDD ver.3]

- ☞ প্রকল্পের অংশীদারগণকে জেসিএম পিডিডি এবং মনিটরিং রিপোর্ট প্রস্তুতকরণে সহযোগিতার লক্ষ্যে পিডিডি এবং মনিটরিং গাইডলাইন প্রণয়ন করা হয়।

৫.২ মনিটরিং প্ল্যান (Monitoring plan) [GL PDD ver.3, para 5, 23-28]

◆ অংশীদারগণ কর্তৃক জেসিএম প্রকল্প থেকে গ্রিনহাউজ গ্যাস নির্গমন হ্রাস মনিটর করা এবং তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান কর্তৃক গ্রিনহাউজ গ্যাস নির্গমন হ্রাসের পরিমাণ ভেরিফিকেশনের লক্ষ্যে ব্যবহৃত হয়। মনিটরিং প্লানে মেথডোলজির প্রয়োজনীয় বিবরণ থাকে যা মেথডোলজিকে ব্যবহার উপযোগী করে তুলে। জেসিএম প্রকল্পের অংশীদারগণ প্রকল্প ভেলিডেশনের পূর্বে মনিটরিং প্ল্যান শিট এবং মেথডোলজির মনিটরিং স্প্রেডশিটে প্রয়োগকৃত মনিটরিং প্ল্যান শিট ব্যবহার করে একটি মনিটরিং প্ল্যান তৈরি করে।

প্রকল্পের অংশীদারগণের করণীয়

প্রকল্পের অংশীদারগণ:

- ☞ মনিটর করতে হয় না এমন প্যারামিটারসমূহের পূর্ব নির্ধারিত মানসহ প্রত্যেক প্যারামিটারের প্রাক্কলিত মানসমূহ মনিটরিং প্ল্যান শিটে সরবরাহ (input) করেন।
- ☞ প্রয়োগকৃত মেথডোলজি অনুযায়ী, মনিটরিং প্ল্যান শিটের ডান দিকে লিখিতভাবে প্রত্যেক প্যারামিটারের বিবরণ দেন এবং প্রস্তাবিত প্রকল্প বিষয়ে বিস্তারিত তথ্য দিয়ে থাকেন যা এ্যাপ্লাইড মেথডোলজিতে অন্তর্ভুক্ত আছে।
- ☞ নিশ্চিত করেন যে, উপাত্তগুলো সঠিকভাবে মনিটর করা হচ্ছে। সেইসাথে ভেরিফিকেশন এবং ক্রেডিট ইস্যু করার নিমিত্ত উপাত্তসমূহ যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করা হচ্ছে এবং সর্বশেষ ক্রেডিট ইস্যু করার পর দুই বছর সময় পর্যন্ত উপাত্তসমূহ ইলেকট্রনিক মাধ্যমে সংরক্ষণ করা হচ্ছে।
- ☞ মনিটরিং কার্যক্রম যে পরিচালনা এবং ব্যবস্থাপনা কাঠামোর মাধ্যমে বাস্তবায়িত হবে তার বিশদ বিবরণ প্রদান করেন। প্রকল্পের অংশীদারগণ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এবং প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দের দায়িত্ব ও কর্তব্যসমূহ এবং উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ ও রিপোর্টিং পদ্ধতি সুনির্দিষ্টকরণ পূর্বক কার্যকর করেন।
- ☞ একজন ব্যক্তিকে নিয়োগ করে থাকেন যিনি মনিটরিং রিপোর্ট, উপাত্ত সংগ্রহ ও সংরক্ষণসহ সার্বিক মনিটরিং কার্যক্রমের জন্য দায়ী থাকেন।
- ☞ মনিটরিং কাজে দায়িত্বরত ব্যক্তি:
 - (ক) মনিটরিং রিপোর্ট, এর কাঠামো এবং এ ধরনের একটি ডকুমেন্টের প্রস্তুত প্রণালী যে মান বজায় থাকা দরকার তা নিশ্চিত করে থাকেন;
 - (খ) একজন ব্যক্তিকে নিয়োগদান করে থাকেন যিনি মনিটরিং পয়েন্টগুলোতে পরিমাপক যন্ত্রপাতি দায়িত্ব পালন করে থাকেন এবং যখন প্রয়োজন হয় তিনি উপাত্ত সংগ্রহ, রক্ষণাবেক্ষণ, এমনকি মনিটরিং পয়েন্টগুলোতে পরিমাপক যন্ত্রপাতি নিয়ন্ত্রণ (যেমন- ক্যালিব্রেশন/পরিদর্শন) করেন।

যে বিষয়গুলো (items) প্রকল্পের অংশীদারগণ ব্যাখ্যা করবেন সেগুলো হলো:

- (ক) হিসাবকৃত মানসমূহ (Estimated values): নির্গমন হ্রাসের পরিমাণ নির্ধারণের উদ্দেশ্যে বিবেচিত প্যারামিটারের হিসাবকৃত মানসমূহ সরবরাহ করে।
- (খ) মনিটরিং অপশন (Monitoring option): নিম্নলিখিত অপশনগুলো থেকে যে কোনো একটি বেছে নেয়;
 - (i) অপশন ক: যেসব উপাত্ত প্রকল্পের অংশীদার নয় বরং কোনো প্রতিষ্ঠান উৎপাদন বা সংগ্রহ ও রক্ষণাবেক্ষণ করেন, যেমন- পরিসংখ্যানিক উপাত্ত ও সবিস্তার বিবরণী, এমন প্রকাশ্য উপাত্ত ভিত্তিক মনিটরিং;
 - (ii) অপশন খ: সরাসরি পরিমাপক যন্ত্রপাতির মাধ্যমে পরিমাপকৃত লেন-দেনের পরিমাণ ভিত্তিক মনিটরিং (ব্যবহৃত উপাত্ত: বাণিজ্যিক সাক্ষ্যপ্রমাণ যেমন- চালান);
 - (iii) অপশন গ: সরাসরি পরিমাপক যন্ত্রপাতির মাধ্যমে প্রকৃত পরিমাপ ভিত্তিক মনিটরিং (ব্যবহৃত উপাত্ত: পরিমাপকৃত মানসমূহ);
- (গ) উপাত্তের উৎস (source of data): ব্যবহৃত বা ব্যবহৃত হতে পারে এমন উপাত্তের উৎস সরবরাহ করে। যদি প্রয়োজ্য হয় উপাত্তের উৎসগুলো সুস্পষ্টভাবে নির্দেশ করে (যেমন- লগবই, দৈনন্দিন রেকর্ড, জরিপ ইত্যাদি) এবং উপাত্তের স্থানিক মাত্রা (যেমন- স্থানীয়, আঞ্চলিক, জাতীয় এবং আন্তর্জাতিক);
- (ঘ) পরিমাপ পদ্ধতি ও কার্যপ্রণালী: এখানে বর্ণনা করা হয় কিভাবে প্রয়োজ্য কোয়ালিটি এসুরেন্স/কোয়ালিটি কন্ট্রোল কার্যপ্রণালীসহ প্যারামিটারগুলো পরিমাপ করা হয়। যদি বলা হয় যে, কোনো প্যারামিটার পরিমাপ করা হবে তবে সেই পরিমাপ নির্ণয়ে কী কী পরিমাপক যন্ত্রপাতি ব্যবহার করা হবে তার নির্ভুল মাত্রা এবং কেলিব্রেশন তথ্যাদিসহ (যেমন- ফ্রিকোয়েন্সি, কেলিব্রেশনের তারিখ ও ভেলিডিটি ইত্যাদি) উল্লেখ করতে হবে।
- (ঙ) মনিটরিং ফ্রিকোয়েন্সি: মনিটরিং ফ্রিকোয়েন্সির বর্ণনা থাকবে (যেমন- একটানা, বাৎসরিক)।

ষষ্ঠ অধ্যায়: রেজিস্ট্রেশন (Registration)

৬.১ ভেলিডেশনের বৈশিষ্ট্যাবলী (Validation requirements) [GL VV ver.2, para 5, 18-76, 79]

- ◆ ভেলিডেশন হলো জেসিএম ভেলিডেশন ও ভেরিফিকেশন গাইডলাইন (VV Guideline) অনুযায়ী, কোনো তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান (TPE) কর্তৃক কোনো প্রস্তাবিত জেসিএম প্রকল্পকে নিরপেক্ষভাবে মূল্যায়ন করার প্রক্রিয়া।
 - ◆ তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান (TPE):
 - (ক) নির্ণয় করবে যে, প্রস্তাবিত জেসিএম প্রকল্প এ্যাপলাইড মেথডোলজি, ভেলিডেশন ও ভেরিফিকেশন গাইডলাইনের শর্তাদি এবং যৌথ কমিটির সিদ্ধান্তসমূহ অনুসরণ করা হয়েছে কিনা;
 - (খ) PDD এবং MoC-তে বিদ্যমান দাবি ও হিসাবসমূহ মূল্যায়ন করবে। এ মূল্যায়নে ব্যবহৃত প্রমাণাদি কেবল প্রকল্পের অংশীদারগণ কর্তৃক প্রদত্ত প্রামাণিক দলিলাদির মধ্যে সীমাবদ্ধ থাকবে না।
 - ◆ ভেলিডেশন রিপোর্টে TPE কর্তৃক গৃহীত ভেলিডেশনের সিদ্ধান্তসমূহ এবং ভেলিডেশন প্রক্রিয়ার সারসংক্ষেপ লিপিবদ্ধ থাকবে।
-
- ◆ **সাধারণ বৈশিষ্ট্যাবলী:** তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান প্রকল্পের অংশীদারগণ কর্তৃক সরবরাহকৃত তথ্যাদি মূল্যায়ন করে। এক্ষেত্রে VV Guideline এ প্রদত্ত ভেলিডেশন প্রক্রিয়াসমূহ যেমন- ডকুমেন্ট রিভিউ, প্রয়োজনীয় ফলো-আপ কার্যক্রম (সরেজমিন পরিদর্শন ও সাক্ষাৎকার গ্রহণ) এবং ভেলিডেশনের অধীন একই ধরনের অন্যান্য প্রস্তাবিত জেসিএম প্রকল্প বা প্রযুক্তি বিষয়ক তথ্যাদির রেফারেন্স প্রদান ইত্যাদি সম্পন্ন করে। তবে, ভেলিডেশন প্রক্রিয়া কেবল এসবের মধ্যে সীমাবদ্ধ নয়। যেখানে ভেলিডেশন প্রক্রিয়াসমূহ সুনির্দিষ্ট করা নেই সেখানে তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান উপযুক্ত আডিটের কৌশলগুলো প্রয়োগ করে থাকে।
 - ◆ **PDD ফরম:** তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান (TPE) খতিয়ে দেখবে যে, সর্বশ্রেষ্ঠ প্রকল্পের উপযোগী PDD ফরম এর সর্বশেষ সংস্করণ ব্যবহার করে PDD-এর কাজ সম্পন্ন করা হয়েছিল কিনা। এছাড়া, PDD ও মনিটরিং গাইডলাইন অনুযায়ী PDD-এর খসড়া তৈরি করা হয়েছিল কিনা সেটাও পরীক্ষা করে দেখবে TPE।
 - ◆ **প্রকল্পের বর্ণনা:** TPE নির্ণয় করবে যে, PDD-তে প্রদত্ত প্রস্তাবিত জেসিএম প্রকল্পের বর্ণনা নির্ভুল ও পরিপূর্ণ কিনা এবং উক্ত বিবরণ প্রস্তাবিত জেসিএম প্রকল্পের একটি সুস্পষ্ট ধারণা প্রদান করে কিনা।
 - ◆ **অনুমোদিত মেথডোলজির প্রয়োগ:** TPE ভেলিডেট করবে যে, কোনো প্রকল্প বাছাইকৃত মেথডোলজি প্রয়োগের জন্য উপযুক্ত এবং ভেলিডেশনের জন্য প্রস্তাবিত জেসিএম প্রকল্প দাখিলের সময় মেথডোলজির যে সংস্করণ ব্যবহৃত হয় সেটি বৈধ।
 - ◆ **হিনহাউজ গ্যাস নির্গমন উৎস এবং নির্গমন হ্রাসের পরিমাণ নির্ধারণ:** TPE খতিয়ে দেখবে যে, প্রস্তাবিত জেসিএম প্রকল্পের জন্য প্রকল্প নির্গমন এবং রেফারেন্স নির্গমনের পরিমাণ নির্ধারণের উদ্দেশ্যে মেথডোলজিতে উল্লিখিত হিনহাউজ গ্যাস নির্গমনের প্রাসঙ্গিক সবগুলো উৎস বিবেচনা করা হয়েছে কিনা। TPE আরোও খতিয়ে দেখবে যে, যদি প্রয়োজ্য হয়, তবে প্রকল্পের অপারেশন শুরু হওয়ার আগে মনিটরিং প্ল্যান শিটে প্রদত্ত তালিকায় প্রকল্পভিত্তিক যেসব প্যারামিটার উল্লেখ থাকে সেসব প্যারামিটারের মান নির্ধারণ করা হবে কিনা।
 - ◆ **পরিবেশগত প্রভাব নিরূপণ:** TPE অবধারণ করে যে, যদি বাংলাদেশ সরকার প্রয়োজন মনে করে তবে প্রকল্পের অংশীদারগণ বাংলাদেশ সরকার-স্বীকৃত পন্থায় পরিবেশগত প্রভাব নিরূপণ করেছে কিনা।
 - ◆ **স্থানীয় স্টেকহোল্ডারদের সাথে পরামর্শমূলক আলোচনাসভা:** TPE জানার চেষ্টা করে যে, প্রকল্পের অংশীদারগণ স্থানীয় স্টেকহোল্ডারদের সাথে পরামর্শমূলক আলোচনার প্রক্রিয়া সম্পন্ন করেছে কিনা। এছাড়া, প্রস্তাবিত প্রকল্পে স্টেকহোল্ডারদের সম্পৃক্ত করেছে কিনা এবং তাদের কাছে প্রস্তাবিত প্রকল্প বিষয়ে মতামত চেয়েছে কিনা।
 - ◆ **মনিটরিং:** অনুমোদিত মেথডোলজি এবং/অথবা PDD ও মনিটরিং গাইডলাইন অনুযায়ী মনিটরিং প্ল্যানের বিবরণ প্রস্তুত করা হয়েছে কিনা তা TPE খতিয়ে দেখে। পরিমাণ নির্ধারণের লক্ষ্যে গৃহীত মনিটরিং পয়েন্টগুলো যথোপযুক্ত কিনা এবং প্রয়োজনে যে ধরনের ইকুইপমেন্ট বসানো হতে পারে সেগুলো যথাযথ কিনা তাও খোঁজে দেখার চেষ্টা করে TPE।
 - ◆ **সর্বসাধারণের মতামত (Public inputs):** TPE নিশ্চিত করে যে, প্রকল্প চক্র কার্যপ্রণালী অনুযায়ী, প্রস্তাবিত জেসিএম প্রকল্পের PDD-এর উপর দাখিলকৃত সকল মতামত প্রকল্পের অংশীদারগণ কর্তৃক যথাযথভাবে বিবেচনা করা হয়েছে।
 - ◆ **যোগাযোগ প্রক্রিয়া:** যোগাযোগ প্রক্রিয়ায় সম্পৃক্ত প্রকল্পের সকল অংশীদার এবং ফোকাল পয়েন্টের কর্পোরেট এবং ব্যক্তিগত পরিচয় বিশেষ করে, তাদের অনুমোদিত স্বাক্ষরকারীদের নমুনা স্বাক্ষর ও পেশা TPE ভেলিডেট করে। এছাড়াও ভেলিডেট করে যে, MoC সঠিকভাবে সম্পন্ন করা হয়েছে এবং যথাযথভাবে অনুমোদিত হয়েছে।
 - ◆ **হেত রেজিস্ট্রেশন পরিহার:** প্রস্তাবিত জেসিএম প্রকল্প অন্য কোনো আন্তর্জাতিক জলবায়ু প্রশমন মেকানিজমের অধীন রেজিস্টার্ড কিনা তা TPE নিশ্চিত করবে।
 - ◆ **অপারেশন শুরু:** TPE নিশ্চিত করবে যে, প্রস্তাবিত প্রকল্পের অপারেশন শুরুর তারিখ ১ জানুয়ারী ২০১৩-এর পূর্বে নয়।

৬.১ ভেলিডেশনের বৈশিষ্ট্যাবলী (Validation requirements)

সাধারণ রেফারেন্সসমূহ [GL VV ver.2, para 4]

নিম্নলিখিত রেফারেন্স ডকুমেন্টসমূহ ভেলিডেশন এবং ভেরিফিকেশন গাইডলাইন (VV Guideline) ব্যবহারের জন্য অপরিহার্য :

(ক) "ISO 14064-3:2006 Greenhouse gases – Part 3: Specification with guidance for the validation and verification of greenhouse gas assertions"

(খ) প্রকল্প চক্র কার্যপ্রণালী

(গ) পিডিডি ও মনিটরিং গাইডলাইন

বক্স: যেসব বিষয় জেসিএম ভেলিডেশন ও ভেরিফিকেশন গাইডলাইন (VV Guidelines) এবং ISO14064-3 -এ অন্তর্ভুক্ত হয় সেগুলো নিম্নে তালিকা আকারে প্রদান করা হলো:

Items			JCM VV Guidelines	ISO14064-3	Items			JCM VV Guidelines	ISO14064-3
General Items	Objectives		1	Introduction	General Items	Objectives	1	Introduction	
	Scope and applicability		2, 3	1		Scope and applicability	2, 3	1	
	Normative references		4	-	Normative references	4	-		
	Terms and definitions		5-11	2	Validation requirements	Identifying issues and raising requests	22-27	-	
	Roles and responsibilities		ROI 24-26, 31-33			Validation report	29-73, 77-80, 81	4.9	
	Principles			3	Verification requirements	Verification issues			
General validation and verification procedures	TPE		12-16	4.1		Compliance of the project implementation with the eligibility criteria of the applied methodology	102-104	4.7	
	General validation and verification requirements		12-16			Assessment of the project implementation against the registered PDD or any approved revised PDD	105-107	-	
	Validation approach		18	4.2, 4.4		Compliance of calibration frequency and correction of measured values with related requirements	108-113	-	
	Means of validation		12, 19-21	4.2, 4.4		Assessment of data and calculation of GHG emission reductions	114-116	4.5-4.8	
	Verification approach		82-86	4.2, 4.4		Assessment of avoidance of double registration	117-120	-	
Development of validation and verification plans	Means of verification		12, 90-92	4.2, 4.4		Post registration changes	121-125	-	
	Level of assurance		99 (verification)	4.3.1		Identifying issues and raising requests	93-98	-	
	Materiality		100-	4.3.5		Verification report	126-128	4.9	
	Scope		101(verification)	4.3.4		Evaluation of validation or verification results	Judgment of reliance on internal control	-	4.5
	Understanding project activities and project implementation environment		-	4.4.1	Quality of evidence		87-89 verification only	4.6	
	Risk assessment		-	4.4.1	Assessment against validation or verification criteria	-	4.7		
	Sampling		17	4.4.3	Evaluation of the GHG assertions	-	4.8		
Items to be planned		-	4.4.2	Validation or verification opinions	-	4.9			
Validation requirements	Validation issues				QA/QC	Quality control review regarding validation or verification engagement	-	A.2.2.5 ISO65 8.5	
	Project design document form		28, 29	-		Recording and retention	-	4.1	
	Project description		30-32	-		Facts discovered after the validation or verification	-	4.11	
	Application of approved methodology(ies)		33-37	A.2.4.6.2 A.2.6.1					
	Emission sources and calculation of emission reductions		38-46	A.2.4.6.2 A.2.6.1					
	Environmental impact assessment		47-49	-					
	Local stakeholder consultation		50-52	-					
	Monitoring		53-56	A.2.4.6.2 A.2.6.1					
	Public inputs		57-60	-					
	Modalities of communications		61-69	-					
	Avoidance of double registration		70-73	-					
	Start of operation		74-76	-					
	Identifying issues and raising requests		22-27	-					
Validation report		29-73, 77-80, 81	4.9						

৬.২ পিডিডি প্রকাশনার ধাপ (Publication of PDD) [PCP ver.3, para 30- 37, 46-48]

প্রকল্পের অংশীদারগণ

দাখিল

প্রকল্পের অংশীদারগণ সর্বশেষ হালনাগাদকৃত ফরম ব্যবহার করে একটি খসড়া PDD তৈরি করেন যাতে থাকে একটি পূরণকৃত PDD ফরম এবং একটি মনিটরিং গ্ল্যান। খসড়া PDD গুস্তত করা হয় PDD এবং মনিটরিং গাইডলাইন অনুযায়ী। কোনো প্রকল্পের ভেলিডেশনের জন্য প্রকল্পের অংশীদারগণ চুক্তিবদ্ধ TPE বরাবর একটি MoC এবং প্রয়োজনীয় অন্যান্য সাপোর্টিং ডকুমেন্টসহ সর্বশেষ হালনাগাদকৃত ফরম ব্যবহার করে JCM Modalities of Communication Statement Form দাখিল করে। একই সাথে সর্বসাধারণের মতামতের জন্য খসড়া PDD যৌথ কমিটি বরাবর দাখিল করে।

তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান (TPE)

(২) তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান ভেলিডেশন এবং ভেরিফিকেশন গাইডলাইন (VV Guidelines) অনুযায়ী, MoC এবং প্রস্তাবিত জেসিএম প্রকল্প ভেলিডেট করে যেমনটা খসড়া PDD-তে বর্ণিত থাকে। সর্বশেষ হালনাগাদকৃত "JCM Validation Report Form" ব্যবহার করে একটি ভেলিডেশন রিপোর্ট তৈরি করে প্রকল্পের অংশীদারগণ বরাবর প্রেরণ করে।

(৬) সন্দেহের অবকাশ থাকলে তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান প্রদত্ত তথ্যাদির সত্যতা ও প্রাসঙ্গিকতা যাচাই করে।

বক্স: ভেলিডেশন ও ভেরিফিকেশন
ভেলিডেশন ও ভেরিফিকেশন---প্রক্রিয়া দুটি একসাথে অথবা আলাদাভাবে সম্পন্ন করা যায়। প্রকল্পের অংশীদারগণ যদি ভেলিডেশন এবং ভেরিফিকেশনের জন্য একই সময়ে আবেদন করে, তবে আবেদনপত্র দাখিলের পূর্বে খসড়া PDD এবং খসড়া মনিটরিং রিপোর্টের সবগুলো সেকশনের কাজ সম্পূর্ণ করতে হয়।

সেক্রেটারিয়েট

(২) সর্বসাধারণের মতামত গ্রহণের লক্ষ্যে যৌথ কমিটি বরাবর দাখিলকৃত প্রতিটি জেসিএম প্রকল্পের জন্য সেক্রেটারিয়েট একটি ইউনিক রেফারেন্স নম্বর জারি করে।

(৩) খসড়া PDD এবং MoC জমাদানকারী প্রকল্পের অংশীদারগণকে উল্লিখিত ডকুমেন্ট দাখিলের স্বীকারোক্তি এবং প্রতিটি প্রকল্পের জন্য জারিকৃত ইউনিক রেফারেন্স নম্বর জানিয়ে দেওয়া হয়।

সর্বসাধারণের মতামত গ্রহণ
(৩০ ক্যালেন্ডার দিবসের মধ্যে)

(৪) পূর্বোক্ত ডকুমেন্টসমূহ দাখিলের প্রাপ্তিস্বীকার করার পর সেক্রেটারিয়েট সর্বসাধারণের অবগতি এবং মতামতের জন্য খসড়া PDD জেসিএম ওয়েবসাইটে প্রকাশ করে। খসড়া PDD-এর উপর সর্বসাধারণের মতামত গ্রহণের জন্য বরাদ্দকৃত সময় হলো প্রকাশের দিন থেকে পরবর্তী ৩০ ক্যালেন্ডার দিবস। জেসিএম ওয়েবসাইটের কোন জায়গায় খসড়া PDD রয়েছে এবং সর্বসাধারণের মতামত গ্রহণের শুরু দিন ও শেষ দিন ইত্যাদি বিষয়ে সেক্রেটারিয়েট প্রকল্পের অংশীদারগণ এবং TPE কে অবহিত করে।


(৫) নিম্নলিখিত তথ্যাদি জনসাধারণের অবগতির জন্য জেসিএম ওয়েবসাইটে প্রকাশ করা হয়:

- (a) প্রস্তাবিত জেসিএম প্রকল্পের শিরোনাম;
- (b) প্রস্তাবিত জেসিএম প্রকল্পের অবস্থান ও বিস্তারিত ঠিকানা ;
- (c) প্রস্তাবিত জেসিএম প্রকল্পের খসড়া PDD-তে প্রদত্ত প্রকল্প-অংশীদারগণের তালিকা;
- (d) প্রস্তাবিত জেসিএম প্রকল্পের ভেলিডেশন (ও ভেরিফিকেশন) কার্যক্রম সম্পন্ন করার জন্য তালিকাভুক্ত TPE-এর নাম;
- (e) খসড়া PDD-তে উল্লিখিত প্রতিবছর গ্রিনহাউজ গ্যাস নিগমন হ্রাস বা অপসারণের হিসাবকৃত পরিমাণ;
- (f) প্রস্তাবিত জেসিএম প্রকল্পে ব্যবহৃত অনুমোদিত মেথডোলজিসমূহ;
- (g) প্রকল্প শুরু করার প্রস্তাবিত তারিখ এবং অপারেশন সময়কালের প্রত্যাশিত মেয়াদ।

(৭) জেসিএম ওয়েবসাইটের যেখানে খসড়া PDD প্রদর্শিত হয়, সেখানে সর্বসাধারণ কর্তৃক প্রদত্ত মতামতসমূহও সংশ্লিষ্ট সেকলের অবগতির জন্য প্রকাশ করা হয়। তবে, এর আগে TPE কর্তৃক নিরূপিত ভুল মতামতসমূহ অপসারণ করা হয়।

৬-৩. রেজিস্ট্রেশনের আবেদন প্রক্রিয়া

৬.৩ রেজিস্ট্রেশনের আবেদন প্রক্রিয়া [PCP ver.3, para 49-56]



সপ্তম অধ্যায়: রেজিস্ট্রেশন পরবর্তী কার্যক্রম (Post-registration activities)

৭.১ রেজিস্টার্ড জেসিএম প্রকল্পে পরিবর্তন আনয়ন [PCP ver.3, para 93-108]

রেজিস্টার্ড PDD এবং/অথবা মেথডোলজি থেকে যখন প্রকল্প পরিবর্তিত হয়ে যায় তখন ঐসব পরিবর্তনকে নিম্নলিখিত শ্রেণীতে বিন্যাস করা যায়:

(ক) TPE কর্তৃক সাধিত পরিবর্তনসমূহ যা এ্যাপ্লাইড মেথডোলজি ব্যবহারে কোনো সীমাবদ্ধতা সৃষ্টি করে না:

☞ প্রকল্পের অংশীদারগণ PDD সংশোধন করে এবং সংশোধনের ঠিক পরেই প্রথম ফ্রেডিট ইস্যু করার জন্য দাখিল করে।

(খ) ভেরিফিকেশনের পূর্বে প্রকল্পের অংশীদারগণ অথবা TPE কর্তৃক চিহ্নিত পরিবর্তনসমূহ যা এ্যাপ্লাইড মেথডোলজি ব্যবহারে সীমাবদ্ধতা সৃষ্টি করে:

☞ প্রকল্পের অংশীদারগণ নিম্নলিখিত পন্থা অবলম্বনে যৌথ কমিটির কাছ থেকে পরিবর্তনসমূহের অনুমোদন লাভ করার চেষ্টা করে।

(গ) প্রকল্পের অংশীদারগণ অথবা TPE কর্তৃক শনাক্তকৃত পরিবর্তনসমূহ যা এ্যাপ্লাইড মেথডোলজি ব্যবহারে বাধা সৃষ্টি করে।

☞ সেকশন ৯ অনুযায়ী, প্রকল্পের অংশীদারগণ প্রকল্প প্রত্যাহার করে নেয়। সেকশন ২-৬ অনুযায়ী, প্রকল্পের অংশীদারগণ প্রত্যাহারকৃত প্রকল্পের রেজিস্ট্রেশনের জন্য আবেদনপত্র পুনরায় দাখিল করতে পারে।

প্রকল্পের অংশীদারগণ

দাখিল

(১) প্রকল্পের অংশীদারগণ সর্বশেষ হালনাগাদকৃত একটি পূরণকৃত “JCM Post-Registration Changes Request Form” এবং একটি সংশোধিত PDD ইলেকট্রনিক মাধ্যমে সেক্রেটারিয়েটে জমা দেন।

(৭) পরিবর্তনসমূহের অনুমোদনের আবেদন পত্রসমূহ অনুমোদিত না হলে, প্রকল্পের অংশীদারগণ অনুচ্ছেদ ৯ অনুযায়ী, প্রকল্প প্রত্যাহার করে নেয় অথবা PDD সংশোধন করে এবং সংশোধিত PDD ভেলিডেশনের জন্য TPE বরাবর এবং সর্বসাধারণের মতামতের জন্য যৌথ কমিটি বরাবর পুনরায় দাখিল করে। তবে, এ ক্ষেত্রে রেজিস্টার্ড জেসিএম প্রকল্পের জন্য পূর্বে যে রেফারেন্স নম্বর ইস্যু করা হয়েছিল সেই রেফারেন্স নম্বরটিই এখানে ব্যবহার করা হয়।

(৭) পরিবর্তনসমূহের অনুমোদনের আবেদন পত্রসমূহ যৌথ কমিটি কিছু সংশোধনীসহ অনুমোদন করতে পারে। সংশোধনীতে যদি বলা হয় যে, সংশোধিত PDD কে পুনরায় সংশোধন করতে হবে, তবে প্রকল্পের অংশীদারগণ নির্দেশনা অনুযায়ী পুনরায় সংশোধন করবেন এবং সংশোধিত PDD যৌথ কমিটি বরাবর দাখিল করবেন।

সেক্রেটারিয়েট

সম্পূর্ণতা যাচাই (৭ ক্যালেন্ডার দিবসের মধ্যে)

(৩) প্রকল্পে আনীত পরিবর্তনসমূহ অনুমোদনের আবেদন পত্র গ্রহণের পর সেক্রেটারিয়েটে ৭ ক্যালেন্ডার দিবসের মধ্যে আবেদন পত্রসমূহের সম্পূর্ণতা যাচাই করে সিদ্ধান্ত নেয় যে, পরিবর্তনসমূহের অনুমোদনের আবেদন পত্রসমূহ সম্পূর্ণ কিনা।

কো-চেয়ারের জন্য সংক্ষিপ্ত নোট তৈরি (১৪ ক্যালেন্ডার দিবসের মধ্যে)

(৪) পরিবর্তনসমূহ অনুমোদনের জন্য দাখিলকৃত আবেদন পত্রসমূহের সম্পূর্ণতা যাচাই কার্যক্রম সম্পন্ন হওয়ার পর সেক্রেটারিয়েটে ১৪ ক্যালেন্ডার দিবসের মধ্যে আবেদন পত্রসমূহের উপর সংক্ষিপ্ত নোট তৈরি করে কো-চেয়ারদ্বয় বরাবর প্রেরণ করে। সংক্ষিপ্ত নোটে পরবর্তী সম্ভাব্য করণীয় সম্পর্কে সুপারিশ থাকে অথবা একটি প্রজ্ঞাপন থাকে যা যৌথ কমিটি বিবেচনা করতে পারে।

(৬) প্রকল্পের অংশীদারগণকে যৌথ কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত জানিয়ে দেওয়া হয় এবং প্রয়োজ্য ক্ষেত্রে যৌথ কমিটির কোনো পথনির্দেশনা থাকলে তাও জানিয়ে দেওয়া হয়। একই সাথে গৃহীত সিদ্ধান্ত এবং নির্দেশনাসমূহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জেসিএম ওয়েবসাইটে প্রকাশ করা হয়।

(৭) পরিবর্তনসমূহের অনুমোদনের আবেদন পত্রসমূহ কোনো নির্দেশনা ছাড়াই অনুমোদিত হলে সেক্রেটারিয়েটে সংশোধিত PDD কে রেজিস্টার্ড PDD হিসেবে সর্বসাধারণের অবগতির জন্য জেসিএম ওয়েবসাইটে প্রকাশ করে।

(২) প্রকল্পে আনীত পরিবর্তনসমূহের অনুমোদনের লক্ষ্যে সেক্রেটারিয়েটে দাখিলকৃত সব আবেদনপত্রের একটি তালিকা প্রস্তুত করা হয় এবং সর্বসাধারণের অবগতির জন্য জেসিএম ওয়েবসাইটে প্রকাশ করা হয়।

(৪) সংক্ষিপ্ত নোট তৈরি করার সময় যদি সেক্রেটারিয়েটে মনে করে যে, কতিপয় বিষয়ে সংশ্লিষ্ট বিশেষজ্ঞের মূল্যবান পরামর্শ প্রয়োজন, তবে সে পরামর্শ গ্রহণ করা যেতে পারে। উপরে বর্ণিত ৩ ও ৪ অনুচ্ছেদে সংশ্লিষ্ট বিষয়ে সুযোগ থাকা সত্ত্বেও এ ক্ষেত্রে সেক্রেটারিয়েটে বিশেষজ্ঞ ইনপুট পাওয়ার ১৪ ক্যালেন্ডার দিবসের মধ্যে সংক্ষিপ্ত নোট তৈরির কাজ শেষ করবে এবং কো-চেয়ারদ্বয় বরাবর প্রেরণ করে।

যৌথ কমিটির অনুমোদন

(৫) কো-চেয়ারদ্বয় কর্তৃক সংক্ষিপ্ত নোট প্রাপ্তির বিষয়ে নিশ্চিত করা হলে সংক্ষিপ্ত নোটে যৌথ কমিটি বরাবর প্রেরণ করা হয়। তারপর যৌথ কমিটি সিদ্ধান্ত গ্রহণ করে যে, আবেদনপত্রটি মঞ্জুর করা হবে কিনা।

সংশোধিত PDD সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশকরণ

(৮) সংশোধিত PDD সর্বসাধারণের অবগতির জন্য জেসিএম ওয়েবসাইটে রেজিস্টার্ড PDD হিসেবে প্রকাশ করা হয়। রেজিস্টার্ড PDD-এর এই সংস্করণ পরবর্তীতে ফ্রেডিট ইস্যু কাজে ব্যবহার করা হয়।

৭.২ রেজিস্ট্রার্ড যোগাযোগ প্রক্রিয়ায় (MoC) পরিবর্তন আনয়ন [PCP ver.3, para 110-122]

◆ রেজিস্ট্রার্ড জেসিএম প্রকল্পে আনীত পরিবর্তনসমূহ অনুমোদিত হওয়ার অব্যবহৃত পরেই আনীত পরিবর্তনসমূহ রেজিস্ট্রার্ড MoC-এর বিষয়বস্তুতে অন্তর্ভুক্ত করার জন্য জেসিএম প্রকল্পের অংশীদারগণ সেক্রেটারিয়েটে বরাবর আবেদন করেন।

করণীয়

☞ রেজিস্ট্রার্ড MoC-এর বিষয়বস্তুতে পরিবর্তন আনয়নের জন্য অনুরোধ করার আগে প্রকল্পের অংশীদারগণ সর্বশেষ হালনাগাদকৃত MoC form পূরণ করে একটি নতুন MoC ইলেকট্রনিক মাধ্যমে সেক্রেটারিয়েটে দাখিল করবে। প্রকল্পের অংশীদারগণ MoC Form-এর নতুন ভার্সন প্রকাশের পরবর্তী (grace period) ৬ মাস সময়ের মধ্যে পুরাতন ফরম পূরণপূর্বক দাখিল করে রেজিস্ট্রার্ড MoC-এর বিষয়বস্তুতে পরিবর্তন আনয়নের জন্য অনুরোধ করতে পারে। তবে, নতুন MoC Form প্রকাশের ৬ মাস পর পুরাতন MoC Form দাখিল করলে সেক্রেটারিয়েটে তা গ্রহণ করবে না।

☞ যেসব প্রকল্প-অংশীদার নতুন গড্ডঙ্গ দাখিল করবে তারা নিশ্চিত করবে যে-

(ক) সহায়ক দলিলাদি বিশেষ করে, অ্যাটর্নি ক্ষমতা, বোর্ড মিটিং কার্যবিবরণীর সারাংশ অথবা কোম্পানী এসোসিয়েশনের দলিলপত্র, কোম্পানী নিবন্ধনকারী জাতীয় প্রতিষ্ঠানের নোট/সার্টিফিকেট যা অনলাইনে ভেরিফাই করা যাবে না তা MoC-তে পরিবর্তন আনয়নের আবেদন করার দুই বছরের মধ্যে ইস্যুকরা বা নোটারী করা হতে হবে। তবে, এ ধরনের সময়গত সীমাবদ্ধতা জাতীয় পরিচয়পত্র প্রদায়ক ডকুমেন্টের ক্ষেত্রে প্রযোজ্য হবে না;

(খ) যতটা সম্ভব একাধিক প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য পরিবর্তনসমূহ অথবা একই প্রকল্পের একাধিক পরিবর্তন একটি মাত্র ফরমে উপস্থাপন করতে হবে।

☞ আইনী প্রতিনিধিবর্গ প্রকল্পের অংশীদারগণের পক্ষ হয়ে স্বাক্ষর করবেন যেসব প্রতিষ্ঠানের লিখিত প্রমাণাদি দাখিল করতে হবে এটি প্রমাণ করার জন্য যে, তারা স্ব-স্ব প্রতিষ্ঠানের অনুমোদিত স্বাক্ষরকারী।

সেক্রেটারিয়েটে:

☞ দাখিলকৃত MoC-তে কোনো অসঙ্গতি অথবা ভুল-ত্রুটি পরিলক্ষিত হওয়ার সাথে সাথে সেক্রেটারিয়েটে নতুন করে MoC ফরম দাখিলের অনুরোধ করতে পারে।

☞ দাখিলকৃত MoC ফরমসহ অন্যান্য দলিলপত্র সুস্পষ্ট প্রমাণাদি সরবরাহ করতে ব্যর্থ হলে সেক্রেটারিয়েটে অতিরিক্ত ব্যাখ্যা এবং/অথবা দলিলাদি দাখিলের অনুরোধ করতে পারে।

☞ হালনাগাদকৃত MoC, প্রয়োজনে কার্যকরের তারিখ এবং সংযুক্তি-সহ, জেসিএম ওয়েবসাইটে প্রকাশ করে।

স্বৈচ্ছায় ফোকাল পয়েন্ট পরিবর্তন

☞ একটি রেজিস্ট্রার্ড জেসিএম প্রকল্পের যেকোনো প্রকল্প-অংশগ্রহণকারী সর্বশেষ হালনাগাদকৃত JCM Modalities of Communication Statement Form পূরণ করে সংশ্লিষ্ট জেসিএম প্রকল্পের সকল অংশগ্রহণকারীর স্বাক্ষরযুক্ত একটি নতুন MoC ইলেকট্রনিক মাধ্যমে সেক্রেটারিয়েটে দাখিল করে যেকোনো সময়ে এবং যেকোনো কারণে ফোকাল পয়েন্ট মনোনয়ন পরিবর্তনের জন্য অনুরোধ করতে পারে।

☞ প্রকল্প-অংশগ্রহণকারীগণ MoC Form-এর নতুন ভার্সন প্রকাশের পরবর্তী (grace period) ৬ মাস সময়ের মধ্যে পুরাতন ফরম পূরণপূর্বক দাখিল করে ফোকাল পয়েন্ট মনোনয়ন পরিবর্তনের জন্য অনুরোধ করতে পারে। তবে, নতুন MoC Form প্রকাশের ৬ মাস পর পুরাতন MoC Form দাখিল করলে সেক্রেটারিয়েটে তা গ্রহণ করবে না।

প্রকল্পের অংশীদার (PPs) পরিবর্তন

☞ রেজিস্ট্রার্ড জেসিএম প্রকল্পের অংশীদার পরিবর্তিত হলে, প্রকল্পের অংশীদারগণ নিম্নলিখিত যে কোনো পরিবর্তনের জন্য MoC ফরম-এর পূরণকৃত সংযুক্তি-১ দাখিল করে:

(ক) নতুন কোনো অংশীদার যুক্ত হলে;

(খ) প্রতিষ্ঠানের নাম/আইনগত পদমর্যাদা পরিবর্তন হলে;

(গ) কোনো অংশীদার তার অংশীদারিত্ব প্রত্যাহার করে নিলে; দেউলিয়াত্ব বা অন্য কোনো কারণে একজন অংশীদারের অংশীদারিত্ব স্থগিত হলে এবং MoC ফরম স্বাক্ষর করতে অযোগ্য হয়ে পড়লে যে কারণে স্থগিত হলো তার প্রমাণপত্র MoC ফরম-এর সংযুক্তি-১ এর সাথে জমা দিতে হবে; এবং

(ঘ) যোগাযোগের ঠিকানা এবং অনুস্বাক্ষরের ক্ষেত্রে পরিবর্তন হলে।

☞ রেজিস্ট্রার্ড জেসিএম প্রকল্পে নতুন কোনো অংশীদার যুক্ত হওয়ার সাথে সাথে নতুন MoC দাখিল করা না হলে তিনি বিদ্যমান MoC মেনে নিবেন।

অষ্টম অধ্যায়: ক্রেডিট ইস্যুকরণ (Issuance of credits)

৮.১ ভেরিফিকেশনের বৈশিষ্ট্যাবলী (Verification requirements) [GL VV ver.2, para 6, 82-126]

- ◆ ভেরিফিকেশন বলতে সাধারণত পর্যায়ক্রমিক স্বাধীন পর্যালোচনাকে বোঝায়। জেসিএম-এ ভেরিফিকেশন বলতে বোঝায় একটি নির্দিষ্ট সময়ে কোনো রেজিস্টার্ড জেসিএম প্রকল্প বাস্তবায়নকালে কোনো তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান দ্বারা মনিটরকৃত গ্রিনহাউজ গ্যাস নির্গমন হ্রাসের পরিমাণ নির্ধারণ।
- ◆ একটি তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান নির্ধারণ করে যে, সংশ্লিষ্ট প্রকল্প এ্যাপ্লাইড মেথডোলজির শর্তাদি পূরণ করছে কিনা এবং গাইডলাইন ও যৌথ কমিটির সিদ্ধান্ত মেনে চলছে কিনা।
- ◆ ভেরিফিকেশন রিপোর্ট সামগ্রিক ভেরিফিকেশনের একটি সারসংক্ষেপ প্রদান করে এবং ভেরিফিকেশন প্রক্রিয়াটি তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান কর্তৃক ব্যবহৃত হয়।

◆ সাধারণ বৈশিষ্ট্যাবলী:

- ◆ ভেরিফিকেশনের প্রধান লক্ষ্য হলো জেসিএম প্রকল্পের কয়েকটি গুরুত্বপূর্ণ দিক যথাযথভাবে মূল্যায়ন করা। সেগুলো হলো:
 - (ক) উপযুক্ততার যে শর্তাবলী বাস্তবায়নকৃত প্রকল্পের এ্যাপ্লাইড মেথডোলজিতে সুস্পষ্টভাবে উল্লেখ করা হয় সেগুলো যথাযথভাবে পূরণ করা হয়;
 - (খ) মনিটরিং রিপোর্টগুলোতে যে উপাত্ত (data) ব্যবহার করা হয় সেগুলো বিশ্বাসযোগ্য এবং নির্ভরযোগ্য;
 - (গ) দ্বৈত (double) রেজিস্ট্রেশন এড়িয়ে চলা হয়;
 - (ঘ) রেজিস্ট্রেশনের পর এমন কোনো পরিবর্তন করা হয় না যা এ্যাপ্লাইড মেথডোলজির ব্যবহারকে বাধাগ্রস্ত করে।
- ◆ তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান পর্যালোচনা করে:
 - (ক) রেজিস্টার্ড পিডিডি এবং এর যে কোনো অনুমোদিত পরিবর্তন ও এ সম্পর্কিত ভেরিফিকেশন মতামত;
 - (খ) ভেলিডেশনকৃত পিডিডি-এর ভেলিডেশন ও ভেরিফিকেশন কার্যক্রম যুগপতভাবে পরিচালনা এবং এ সম্পর্কিত ভেলিডেশন মতামত;
 - (গ) ভেলিডেশন রিপোর্ট;
 - (ঘ) পূর্ববর্তী ভেলিডেশন রিপোর্টসমূহ;
 - (ঙ) এ্যাপ্লাইড মেথডোলজি;
 - (চ) মনিটরিং রিপোর্ট যাচাই করা যে, এটি এ্যাপ্লাইড মেথডোলজির মনিটরিং রিপোর্ট শিট অনুযায়ী প্রস্তুত করা হয়েছে;
 - (ছ) প্রকল্পের গ্রিনহাউজ গ্যাস নির্গমন হ্রাস সংশ্লিষ্ট যে কোনো তথ্য বা রেফারেন্স; এবং
 - (জ) দ্বৈত (double) রেজিস্ট্রেশন পরিহার করা হয়েছে মর্মে লিখিতভাবে নিশ্চিতকরণ।
- ◆ তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান প্রকল্পের অংশীদারগণ কর্তৃক প্রদত্ত তথ্যাদি মূল্যায়ন করে এবং ভেরিফিকেশনের ক্ষেত্রে ভিডি গাইডলাইনে (VV Guidelines) বর্ণিত প্রক্রিয়া অনুসরণ করে। যেমন-ডকুমেন্ট রিভিউ করা এবং সরেজমিনে মূল্যায়ন। এছাড়া, যেখানে ভেরিফিকেশনের প্রক্রিয়া সুনির্দিষ্ট করা নেই সেখানে তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান উপযুক্ত আডিট কৌশল অবলম্বন করে।

◆ এ্যাপ্লাইড মেথডোলজির উপযুক্ততার শর্তাবলী মেনে প্রকল্প বাস্তবায়নের সম্মতি

- তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান এ্যাপ্লাইড মেথডোলজির উপযুক্ততার শর্তাবলীর সাথে প্রকৃত প্রকল্প এবং এর পরিচালনা সঙ্গতিপূর্ণ কিনা তা নির্ধারণ করে।
- ◆ রেজিস্টার্ড পিডিডি অথবা অনুমোদিত সংশোধিত পিডিডি এর উপর ভিত্তি করে প্রকল্পের বাস্তবায়ন মূল্যায়ন রেজিস্টার্ড/ভেলিডেটেড পিডিডি অথবা অনুমোদিত সংশোধিত পিডিডি এর উপর ভিত্তি করে তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান প্রকৃত প্রকল্পের বর্তমান অবস্থা এবং এর পরিচালনা কার্যক্রম মূল্যায়ন করে থাকে।
- ◆ প্রাসঙ্গিক শর্তাবলীর আলোকে ক্যালিব্রেশন এবং নির্ণীত মানের নির্ভুলতার মধ্যে সামঞ্জস্য একটি প্রকল্পের গ্রিনহাউজ গ্যাস সম্পর্কিত প্যারামিটার যদি পরিমাপক যন্ত্রাদি (মনিটরিং অপশন গ পিডিডি এবং মনিটরিং গাইডলাইনে ব্যাখ্যা করা হয়েছে) দ্বারা মনিটরিং করা হয়, তবে তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান নিরূপণ করবে যে, পরিমাপক যন্ত্রাদি মনিটরিং প্র্যাক্টিসের সাথে সামঞ্জস্য রেখে সঠিকভাবে ক্যালিব্রেটেড করা হয়েছে কিনা এবং প্রয়োজ্য ক্ষেত্রে পিডিডি এবং মনিটরিং গাইডলাইন অনুযায়ী নির্গমন হ্রাসের পরিমাণ নির্ধারণের লক্ষ্যে নির্ণীত মানসমূহ যথাযথভাবে সংশোধন করা হয়েছে কিনা।
- ◆ ব্যবহৃত উপাত্ত (data) এবং গ্রিনহাউজ গ্যাস নির্গমন হ্রাসের পরিমাণ নির্ধারণ প্রক্রিয়া মূল্যায়ন নির্বাচিত অনুমোদিত মেথডোলজি প্রয়োগকর্তৃক কোনো জেসিএম প্রকল্প বাস্তবায়ন থেকে অর্জিত গ্রিনহাউজ গ্যাস নির্গমন হ্রাসের পরিমাণ, পরিমাণ নির্ধারণের প্রক্রিয়া ও ব্যবহৃত উপাত্ত (data) তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান মূল্যায়ন করে থাকে।
- ◆ দ্বৈত (double) রেজিস্ট্রেশন পরিহার মূল্যায়ন সংশ্লিষ্ট জেসিএম প্রকল্প অন্য কোনো আন্তর্জাতিক জলবায়ু প্রশমন মেকানিজমের অধীনে রেজিস্ট্রেশন নেয় নি— এর সত্যতা কতটুকু তা তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান খতিয়ে দেখে।
- ◆ রেজিস্ট্রেশন পরবর্তী পরিবর্তন তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান খতিয়ে দেখে যে, রেজিস্ট্রেশনের পরে প্রকল্পে কোনো পরিবর্তন আনয়ন করা হয়েছে কিনা যার সাথে রেজিস্টার্ড পিডিডি এবং/অথবা মেথডোলজির মিল নেই এবং যা এ্যাপ্লাইড মেথডোলজি ব্যবহারে বাঁধার সৃষ্টি করে।

◆ নিশ্চয়তার মাত্রা (level of assurance): ISO 14064-3:2006 অনুযায়ী, তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান ভেরিফিকেশনের ক্ষেত্রে নিশ্চয়তার যৌক্তিক মাত্রা প্রয়োগ করে থাকে।

◆ জড়তা (Materiality): ISO 14064-3:2006 অনুযায়ী, তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান ভেরিফিকেশনের ক্ষেত্রে জড়তা ধারণাটি ব্যবহার করে। ভেরিফিকেশনের ক্ষেত্রে গ্রিনহাউজ গ্যাস নির্গমন হ্রাসের পাঁচ শতাংশে জড়তার সীমা ধার্য করে।

৮.২ ক্রেডিট ইস্যুকরণের আবেদন প্রক্রিয়া [PCP ver.3, para 61-71]

প্রকল্পের অংশীদারগণ

রেজিস্ট্রিতে এ্যাকাউন্ট খোলা

(১) ক্রেডিট ইস্যুর আবেদন করার পূর্বে প্রকল্পের অংশীদারদের বাংলাদেশ বা জাপান পক্ষের রেজিস্ট্রিতে একটি এ্যাকাউন্ট খুলতে হয়।

(২) তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান কর্তৃক গ্রিনহাউজ গ্যাস নিগমন হাস বা অপসারণের পরিমাণ যাচাই করার পর প্রকল্পের অংশীদারগণ যৌথ কমিটিকে অনুরোধ করে উভয়পক্ষকে অবহিত করতে যাতে উভয়পক্ষ তাদের রেজিস্ট্রিতে খোলা অংশীদারগণের এ্যাকাউন্টে ক্রেডিট ইস্যু করে। অংশীদারগণ উভয়পক্ষকে অনুরোধ করার জন্য যৌথ কমিটি বরাবর আবেদন করার সময় পূর্ব নির্ধারিত আনুপাত ভিত্তিক (pro-rata basis) অংশীদারগণের মাঝে ক্রেডিট বরাদ্দের তথ্য, ভেরিফাইড মনিটরিং রিপোর্ট এবং ভেরিফিকেশন রিপোর্টসহ পূরণকৃত "JCM Credits Issuance Request Form" ইলেকট্রনিক মাধ্যমে দাখিল করে।

প্রয়োজনীয় ডকুমেন্টসমূহ দাখিল
(৭ ক্যালেন্ডার দিবসের মধ্যে)

(৪'-১) আবেদন পত্র গৃহীত হওয়ার ৭ ক্যালেন্ডার দিবসের মধ্যে প্রকল্পের অংশীদারগণ প্রয়োজনীয় ডকুমেন্টসমূহ/ তথ্যাদি দাখিল করে।

(৪"-২) প্রকল্পের অংশীদারগণ সংশোধিত ডকুমেন্টসহ পুনরায় ক্রেডিট ইস্যুর আবেদন করতে পারে।

(৬'-১) প্রযোজ্য ক্ষেত্রে সংশোধিত মনিটরিং রিপোর্ট অনুযায়ী তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান কর্তৃক ভেরিফিকেশন রিপোর্ট সংশোধনের মাধ্যমে আবেদনপত্র প্রত্যাখানের কারণসমূহ সুরাহা করা গেলে প্রকল্পের অংশীদারগণ সংশোধিত ডকুমেন্টসহ পুনরায় ক্রেডিট ইস্যুর আবেদন করতে পারে। এ ক্ষেত্রে প্রকল্পের অংশীদারগণ সত্যতা নিশ্চিত করে যে, আবেদন পুনর্দাখিল এ ধরনের বিধানের আওতাভুক্ত।

নোট: উপ-ধারাবৃত্তো (sub-steps) পদ্ধতিগত ধাপকে নির্দেশ করে যা বিকল্প উপায় হিসেবে কাজ করে। যখন- (৪)-এর পদ্ধতিগত বিকল্প ধাপগুলো হলো "(৪'-১)" এবং "(৪"-২)"। এ ক্ষেত্রে সম্পূর্ণত যাচাইয়ের সিদ্ধান্ত ফলাফল এবং যৌথ কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত বিক্রি: ধরনের পরবর্তী পদক্ষেপের দিকে খাতিহ করতে পারে।

সেক্রেটারিয়েট

(৩) সেক্রেটারিয়েট ইলেকট্রনিক মাধ্যমে প্রকল্পের অংশীদারগণকে অবহিত করে যে, ক্রেডিট ইস্যুর অনুরোধ করে দাখিলকৃত তাদের আবেদনপত্র গৃহীত হয়েছে।

সম্পূর্ণতা যাচাই (৭ ক্যালেন্ডার দিবসের মধ্যে)

(৪) সেক্রেটারিয়েট ৭ ক্যালেন্ডার দিবসের মধ্যে সম্পূর্ণতা যাচাই নিশ্চিত করে যে, অংশীদারগণের মাঝে ক্রেডিট বরাদ্দসহ ক্রেডিট ইস্যুর আবেদনপত্র সম্পূর্ণ কিনা। সম্পূর্ণতা যাচাইকালে যদি সেক্রেটারিয়েট আবেদনপত্র ও দাখিলকৃত ডকুমেন্টে কিছু সম্পাদনামূলক ভুল-ত্রুটি অথবা কোনো গুরুত্বপূর্ণ ডকুমেন্ট-এর অনুপস্থিতি দেখতে পায়, তবে তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানকে অনুসরণ করে তথ্যের ভুল-ত্রুটি সংশোধন বা বাদ পড়া কোনো ডকুমেন্ট সংযুক্ত করে পুনরায় দাখিল করতে সেক্রেটারিয়েট প্রকল্পের অংশীদারগণকে ইলেকট্রনিক মাধ্যমে অনুরোধ জানায়।

(৪"-২) যদি প্রকল্পের অংশীদারগণ প্রয়োজনীয় ডকুমেন্ট বা তথ্যাদি নির্দিষ্ট সময়সীমার মধ্যে দাখিল না করে, তবে, সেক্রেটারিয়েট এ সিদ্ধান্তে উপনীত হয় যে, ক্রেডিট ইস্যুর আবেদনপত্রটি অসম্পূর্ণ। আর যদি আবেদনপত্র পুনর্দাখিল হয়, তবে সেক্রেটারিয়েট প্রয়োজনীয় ডকুমেন্ট বা তথ্যাদিসহ পুনরায় দাখিলকৃত আবেদনপত্র গৃহীত হওয়ার দিন থেকে ৭ ক্যালেন্ডার দিবসের মধ্যে সম্পূর্ণতা যাচাই সম্পন্ন করে।

(৪") যদি ক্রেডিট ইস্যুর আবেদনপত্র সম্পূর্ণতা যাচাইয়ের শর্তাদি পূরণ করতে ব্যর্থ হয়, তবে সেক্রেটারিয়েট সে অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ করে এবং গৃহীত সিদ্ধান্তের কারণসমূহ প্রকল্পের অংশীদারগণ এবং তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানকে অবহিত করে। সেই সাথে সর্বসাধারণের অবগতির জন্য জেসিএম ওয়েবসাইটে প্রকাশ করে।

(৬') যদি যৌথ কমিটি ক্রেডিট ইস্যুর আবেদনপত্র প্রত্যাখান করে, তবে প্রত্যাখানের বিষয়ে সেক্রেটারিয়েট প্রকল্পের অংশীদারগণ এবং তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানকে অবহিত করে। সে অনুযায়ী জেসিএম ওয়েবসাইটে সংশ্লিষ্ট প্রকল্পের তথ্যাদি হালনাগাদ করে। এছাড়া, আবেদনপত্র প্রত্যাখানের সিদ্ধান্তটি সর্বসাধারণের অবগতির লক্ষ্যে জেসিএম ওয়েবসাইটে প্রকাশ করে।

(৬) যৌথ কমিটি কর্তৃক সিদ্ধান্ত গ্রহণের পর সেক্রেটারিয়েট প্রত্যেক পক্ষ, প্রকল্পের অংশীদার এবং তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানকে গৃহীত সিদ্ধান্তের বিষয়ে অবগত করে।

(৮) সর্বসাধারণের অবগতির জন্য সেক্রেটারিয়েট ক্রেডিট ইস্যু সম্পর্কিত সব তথ্য-উপাত্ত জেসিএম ওয়েবসাইটে প্রকাশ করে এবং সংরক্ষণ করে।

যৌথ কমিটি

যৌথ কমিটির ক্রেডিট ইস্যুর সিদ্ধান্ত অবহিতকরণ

(৫) সম্পূর্ণতা যাচাই কার্যক্রম সুসম্পন্ন হওয়ার পর যৌথ কমিটি সিদ্ধান্ত গ্রহণ করে যে, ইস্যু করার মতো যে পরিমাণ ক্রেডিট রয়েছে সেটি উভয় পক্ষকে জানানো হবে কিনা।

বাংলাদেশ/জাপান সরকার

প্রত্যেক পক্ষ কর্তৃক ক্রেডিট ইস্যুকরণ

(৭) সেক্রেটারিয়েট কর্তৃক অবহিতকরণের পর নোটিফিকেশনে উল্লিখিত পরিমাণ ক্রেডিট প্রত্যেক পক্ষ তাদের রেজিস্ট্রিতে বিদ্যমান প্রকল্পের অংশীদারগণের এ্যাকাউন্টে ইস্যু করে এবং ক্রেডিট ইস্যুর বিষয়টি সেক্রেটারিয়েটের মাধ্যমে যৌথ কমিটিকে অবহিত করে।

নবম অধ্যায়: প্রত্যাহার (Withdrawal)

৯.১ প্রত্যাহারকরণের আবেদন প্রক্রিয়া [PCP ver.3, para 128-133]

প্রকল্পের অংশীদারগণ

(১) নিম্নলিখিত ত্রিটি ক্ষেত্রে প্রকল্পের অংশীদারগণ যৌথ কমিটি বরাবর ইলেকট্রনিক মাধ্যমে একটি পূরণকৃত আবেদন ফরম দাখিল করে:

(ক) প্রকল্পের অংশীদারগণ যেকোনো সময় প্রস্তাবিত অথবা রেজিস্টার্ড জেসিএম প্রকল্প স্বেচ্ছায় প্রত্যাহার করে নিতে পারে।

প্রকল্পের অংশীদারগণ সর্বশেষ হালনাগাদকরা একটি পূরণকৃত “JCM Project Withdrawal Request Form” দাখিল করে;

(খ) (i) প্রকল্পের অংশীদারগণ রেজিস্ট্রেশনের আবেদনপত্র প্রত্যাহার করে নেওয়ার ইচ্ছা প্রকাশ করতে পারে।

(ii) TPE নতুন উপলব্ধি অথবা তথ্যদির ওপর ভিত্তি করে তার ভেলিডেশন মতামত সংশোধন করতে পারে এবং উক্ত পরিবর্তনজনিত বিষয়টি প্রকল্পের অংশীদারগণকে করতে পারে।

প্রকল্পের অংশীদারগণ সর্বশেষ হালনাগাদকৃত একটি পূরণকৃত “JCM Registration Request Withdrawal Form” দাখিল করে।

(গ) (i) প্রকল্পের অংশীদারগণ সুনির্দিষ্ট মনিটরিং পিরিয়ডের ক্রেডিট ইস্যুর আবেদনপত্র প্রত্যাহারের ইচ্ছা প্রকাশ করতে পারে।

(ii) TPE নতুন উপলব্ধির ওপর ভিত্তি করে তার ভেরিফিকেশন রিপোর্ট সংশোধন করতে পারে এবং উক্ত সংশোধনীজনিত বিষয়টি প্রকল্পের অংশীদারগণকে অবহিত করতে পারে।

প্রকল্প-অংশগ্রহণকারীগণ JCM Project Withdrawal Request Form, JCM Registration Request Withdrawal Form অথবা JCM Issuance Request Withdrawal Form-এর নতুন ভার্সন প্রকাশের পরবর্তী (grace period) ৬ মাস সময়ের মধ্যে পুরাতন ফরম ব্যবহার করতে পারবে। তবে, ফরমগুলোর নতুন ভার্সন প্রকাশের ৬ মাস পর পুরাতন ভার্সন দাখিল করলে যৌথ কমিটির নিকট তা গ্রহণযোগ্য হবে না।

সেক্রেটারিয়েট

(২) প্রত্যাহারের আবেদনপত্র গ্রহণ করার পর সেক্রেটারিয়েট আবেদনপত্র দাখিলের প্রাপ্তিস্বীকার করে।

(৩) সেক্রেটারিয়েট কর্তৃক আবেদনপত্র দাখিলের প্রাপ্তিস্বীকার করার পর:

(ক) একটি প্রকল্প প্রত্যাহারের ক্ষেত্রে জেসিএম ওয়েবসাইটে সংশ্লিষ্ট প্রকল্পকে “withdrawn” বলে চিহ্নিত করা হয়;

(খ) রেজিস্ট্রেশনের আবেদনপত্র প্রত্যাহারের ক্ষেত্রে জেসিএম ওয়েবসাইটে সংশ্লিষ্ট রেজিস্ট্রেশনের আবেদন পত্রকে “withdrawn” বলে চিহ্নিত করা হয়;

(গ) ক্রেডিট ইস্যুর আবেদন পত্র প্রত্যাহারের ক্ষেত্রে জেসিএম ওয়েবসাইটে সুনির্দিষ্ট মনিটরিং সময়কালের ক্রেডিট ইস্যুর আবেদন পত্রকে “withdrawn” বলে চিহ্নিত করা হয়।

শব্দকোষ (Glossary)

এ পুস্তিকায় অনেক শিরোনামের সংক্ষেপিত রূপ ব্যবহৃত হয়েছে। নিম্নে এসব শিরোনামের ব্যবহৃত সংক্ষেপিত রূপ এবং তাদের আনুষ্ঠানিক পূর্ণরূপ তালিকা আকারে প্রদত্ত হলো:

ব্যবহৃত সংক্ষেপিত রূপ	আনুষ্ঠানিক পূর্ণরূপ
Doc., para1	Bilateral document of “Low Carbon Development Partnership between the Japanese side and the Bangladesh side”, paragraph 1
JC1, p1	Joint Committee of the Joint Crediting Mechanism between Bangladesh and Japan First meeting, Meeting Report, page 1
GoJ Aug 2016	Government of Japan “Recent Development of the Joint Crediting Mechanism”, August 2016
RoI ver.3, para1	Rules of Implementation for The Joint Crediting Mechanism (JCM) Version 3.0, paragraph 1 (ver.3 was adopted on 10 January 2018)
Glos ver.2, no. 1	Joint Crediting Mechanism Glossary of Terms Version 2, no. 1 (ver.2 was adopted on 09 March 2016)
PCP ver.3, para1	Joint Crediting Mechanism Project Cycle Procedure Version 3.0, paragraph 1 (ver.3 was adopted on 10 January 2018)
GL PM ver.2, para1	Joint Crediting Mechanism Guidelines for Developing Proposed Methodology Version 2.0, paragraph 1 (ver.2 was adopted on 09 March 2016)
GL PDD ver.3, para1	Joint Crediting Mechanism Guidelines for Developing Project Design Document and Monitoring Report Version 3.0, paragraph 1 (ver.3 was adopted on 10 January 2018)
GL TPE ver.2, para1	Joint Crediting Mechanism Guidelines for Designation as a Third-Party Entity Version 2.0, paragraph 1 (ver.2 was adopted on 09 March 2016)
GL VV ver.2, para1	Joint Crediting Mechanism Guidelines for Validation and Verification Version 2.0, paragraph 1 (ver.2 was adopted on 09 March 2016)
RoP ver.3, para1	Joint Crediting Mechanism Rules of Procedures for the Joint Committee Version 3.0, paragraph 1 (ver.3 was adopted on 10 January 2018)
JC3 Mtg Rep	Third Joint Committee Meeting Report
Anx stands for Annex , Apx for Appendix , Att for Attachment , and Ann for Annotation .	

সব রেফারেন্স ডকুমেন্ট পাঠের জন্য জেসিএম-এর যে ওয়েবসাইটে যেতে হবে তা হলো: www.jcm.go.jp/bd-jp



পরিবেশ অধিদপ্তর

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

পরিবেশ অধিদপ্তর

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

ই-১৬, আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

ওয়েব: <http://www.doe.gov.bd>

ওয়েব: <http://www.jcmbangladesh.com>

ইমেইল: jcmbangladesh@doe.gov.bd



Ministry of the Environment

অফিস অব মার্কেট মেকানিজম

ক্রাইমেট চেঞ্জ পলিসি ডিভিশন

গ্লোবাল এনভায়রনমেন্ট ব্যুরো

পরিবেশ মন্ত্রণালয়, জাপান

১-১-২ কাসুমিগাছিকি, চিয়োডা-কু

টোকিও, ১০০-৮৯৭৫ জাপান

ওয়েব: <http://www.env.go.jp/>

IGES

Institute for Global
Environment & Strategies

ক্রাইমেট এ্যান্ড এনার্জি এরিয়া

ইনস্টিটিউট ফর গ্লোবাল এনভায়রনমেন্টাল স্ট্রাটেজিস

২১০৮-১১, কামিইয়ামাগুচি, হায়ামা

কানাগাওয়া, ২৪০-০১১৫ জাপান

ইমেইল: ce-info@iges.or.jp

ওয়েব: <http://www.iges.or.jp/en/climate-energy/index.html>

© পরিবেশ মন্ত্রণালয়, জাপান, ২০১৯

জয়েন্ট ক্রেডিটিং মেকানিজম (জেসিএম) বিষয়ে সক্ষমতা বৃদ্ধি কার্যক্রমের অংশ হিসেবে এ গ্রন্থটি পরিবেশ মন্ত্রণালয়, জাপানের সহযোগিতায় ইনস্টিটিউট ফর গ্লোবাল এনভায়রনমেন্টাল স্ট্রাটেজিস, জাপান এবং পরিবেশ অধিদপ্তর, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ কর্তৃক প্রকাশিত।

ছাপাখানায় যাওয়ার মুহূর্ত পর্যন্ত প্রকাশনাটির পাণ্ডুলিপিতে ধারণকৃত সব তথ্য-উপাত্ত ও বিষয়বস্তু সঠিক বলে ধরে নেওয়া হলেও ছাপা-প্রক্রিয়ায় নতুন করে কোনো ভুল-ভ্রান্তি তৈরি হলে এর জন্য অনুবাদক বা সম্পাদকমণ্ডলী আইনত দায়ী থাকবেন না।